আসল !   আসল !!   আসল !!!

মহম্মদী বেদ তত্ত্ব

(পহেলা জেলেদ)

মোছান্নেফ—

মরহুম হজরত মোজাদ্দেদে হাদী

চাহারদাহ্ ছাদী খাজা আবদুর রহিম

শাহ (রহঃ)

সাকিন ডাকরখালী পোঃ আঃ ঝিট্কা,

জিলা—ঢাকা

প্রকাশক ঃ

শাহ মোঃ মিত্হার আলী খোন্দকার

সাকিন অরঙ্গাবাদ পোঃ অরঙ্গাবাদ বাজার,

জিলা—ঢাকা

১৩৭০ সন বাংলা   মূল্য দুই টাকা মাত্র

মহম্মদী বেদ তত্ত্ব

পহেলা জেলেদ।

মোছান্নেফ

মরহুম হজরত মোজাদ্দেদে হাদী চাহার দাহ ছাদী

খাজা আবদুর রহিম শাহ্ (রহঃ)

সাকিন—ডাকরখালী, পোঃ আঃ ঝিটকা, জিলা ঢাকা।

মারফত

হকিকত তরিকত আর॥ বাতুনের শরিয়াত আশক আল্লার * আর যত ভেদ বাত
আছে ফকারেতে ॥ বহুত হয়েছে লিখা এহি কেতাবেতে * এস্কের মোজহাবে
ইহা বড়ই মাকুল॥ দলিলে কোরাণ আছে হাদিছ রছুল * বহুত নজির
আছে আশকি কালাম॥ মশনবী দিওয়ানে যাহা আছেত মোদাম পয়ার
ত্রিপদি আর বাঙ্গালা গজল॥ হইয়াছে এবারত রঙ্গিন সকল * মোশাহিদা
মোরাকিবা মঞ্জিল মোকাম ॥ ইবাদত বন্দিগির ভেদের কালাম *
আশকি নামাজ রোজা হজ্জ আর জাকাত ॥ ভেদের কলেমা খুব
পুসিদার বাত * কিচ্ছা ও কাহানি আদি মিছাল খাতিরে॥
দোছরা জেলেদে আছে কেতাব আখিরে * যে ছুরাতে পাওয়া
যায় খোদার দিদার॥ এহি কেতাবেতে মেলে সব সমাচার *

আরজ গুজার

শাহ্ মোঃ আতাওল হক্

শাহ্ মোঃ মতিয়ল হক্

সাকিম—ডাকরখালী, পোঃ আঃ ঝিট্কা, জিলা ঢাকা।

ও

শাহ্ মোঃ মিত্হার আলী খোন্দকার

সাকিন—অরঙ্গাবাদ, পোঃ আঃ অরঙ্গাবাদ বাজার, জিলা ঢাকা।

বিজ্ঞাপন

প্রাপ্তিস্থান ঃ—মুসলিম লাইব্রেরী
১নং বাবুবাজার, ঢাকা-১

প্রিণ্টার ঃ—
মোঃ আনছার উদ্দীন ভূইয়া
রুবী প্রেস,
১৪, আকমল খান রোড, বাবুবাজার, ঢাকা-১

সূচিপত্র।

সুচিপত্র।

ইতি সুচি পত্র সমাপ্ত।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ *

মহম্মদী বেদ তত্ত্ব।

হামদ খোদায় দোজাহান ॥

গজল

আল্লাগণি আছে সদা সর্ব্বব্যাপী হয়ে ভবে ॥

আদ্য যুগে ছিল রবে রূপান্তরে অন্তেহবে •

স্বর্গ মর্ত্ত্য অতলেতে, এক জন কিরূপেতে, সর্ব্বব্যাপী পারে হতে, কি ভাবেতে প্রকাশিবে • ছিল চিন্তা হৃদয়েতে, কব কথা সংক্ষেপেতে, মুরশিদের সহায়েতে, ইন্সা আল্লা বিস্তারিবে • আছে ঘিরে দর্পণেতে, প্রিয়া আর প্রেমিকেতে, দেবআর নরজাতে আর আছে জিন সবে • জলস্থল নির্জ্জনেতে, গোঠ বন পাহাড়েতে, রত্নমণি প্রস্তরেতে, আর আছে জন্তুজীবে•স্বর্ণ রৌপ্যআদি ধাতে, আর যত দ্রষ্টব্যেতে, কুখাদ্যে ও সুখাদ্যেতে, আছে ধান্য গোম যবে • নির্গন্ধে ও দুর্গন্ধেতে, আর আছে সুগন্ধেতে, কাফেরে ও মমিনেতে, আছে আল্লা সর্ব্ব রবে • পীতশোণ পিঙ্গলেতে, আছে নীল বরণেতে, বাদী আর বিবাদীতে, মোহ ক্রোধ কাম লোভে • আদ্য আর অন্তিমেতে, প্রকাশে ও গোপনেতে, পালনেও

সংহারেতে, আর আছে স্বর লবে ✸ শিক্ষকে ও বালকেতে, অজ্ঞানে ও বিজ্ঞানেতে, বায়ূ বারি মৃত্তিকাতে, আছে অগ্নি আত্মা জীবে ✸ নিরাকার আকারেতে, স্বদেশে ও বিদেশেতে, নাম আর অজুদেতে, অধমে উত্তম সবে ✸ সরিয়ত তরিকতে, হকিকত মারফতে, না পাইলে আদি অন্তে, কোথা আর পাব কবে ✸ দেখে আব্দুর রহিমেতে, লেখ মন প্রশংসাতে, যেরূপেতে ব্রহ্মাণ্ডেতে, রব গোপনিত রবে ✸

পয়ার ॥ অহদাত এস্ক দেলে জাগিয়া আমার ॥ করেছে বেতাব সব দেখি নিরাকার ✸ সে কারণে বিনইয়া কহি সবাকায় ॥ না যাও ভুলিয়া কেহ এস্কের রাহায় ✸ না শুন না মান উল্‌টা আমার কালাম ॥ হয়েছি দেওয়ানা আমি না ভাবি বদনাম ✸ আমার কথায় কেহ না দিয়া খেয়াল ॥ থাকিবে মোজহাব দিনে কাইম বহাল ✸ ওয়াহেদ জানিয়া দেলে পাক পরওার ॥ মহাম্মদে বুঝে খাছ রছুল আল্লার ✸ পড়িবে নামাজ যাহা আল্লার হুকুম ॥ রাখিবে ফরজ রোজা করিয়া মালুম ✸ ফরজ হয়েছে হজ যাহার উপরে ॥ আদায় করিবে মক্কা মদিনা শহরে ✸ হিসাব করিয়া দিবে মালের জাকাত ॥ দিনদার হবে, ছেড়ে সেরেক বেদাত ✸ না খাইবে না করিবে হারাম আমল ॥ মানিবে আল্লা ও নবী আইম্মা সকল ✸ শুনিয়া বুঝিয়া দিন আলেম হইতে ॥ করিবে আমল সবে দেল খোশালিতে ✸ তাবেদার হয়ে রবে আল্লা রছুলের ॥ আর হবে তাবেদার আইম্মা সবের ✸ না করিলে তাবেদারি না পাবে নাজাত ॥ নাহি করিবেন নবি আখেরে সাফাত ✸ হুকুম

আল্লার এহি দিলাম লিখিয়া। ছুরা নিছার বিচে আছে লইবে দেখিয়া * বোস্তানে নজির আছে এহি ইসারায় ॥ আলেম হইতে ইহা বুঝিবে সবায় *

(قوله تعالى)

يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا اَطِيْعُوا اللّٰهَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ وَاُولِي الْاَمْرِ مِنْكُمْ *

(از بوستان سعدی)

خلاف پیغمبر کسی راه گزید — که هرگز بمنزل نخواهد رسید
مپندار سعدی که راه صفا — توان رفت جز بر پی مصطفی

না আছে হেলেম মেরা না জানি এলেম ॥ পড়েছি কেবল থোড়া আপনা জেছেম * কোরাণ হাদিছ ফিকা পড়িতে না জানি ॥ না হও গোমরাহি ধরে আমার নিশানি * হুশিয়ার হুশিয়ার হও হুশিয়ার ॥ না মান কালাম মেরা মান ওলামার * হয়েছি পাগল আমি একা বাঙ্গালাতে ॥ না হও দেওানা কেহ মেরা সাতে সাতে * দিওয়ানা হইলে জেয়ছা নাহি থাকে হোস ॥ শেরেক বিদাত আদি করে ফারামোশ * তেয়ছাই হয়েছি আমি শুন বেরাদর ॥ নক্‌শা রূহ নুর দেখি সংসারের সার * কিছু নাহি ছিল এস্ক পুসিদাতে ছিল ॥ আশক মাশুক এস্কে সৃজন করিল * কাদির অজুদ এস্কে চেতন করিয়া। এনেছে জোহুর নুনে কাফ মিলাইয়া * একেলা এস্কের খেলা না যায় খেলন ॥ সে কারনে এছুরাতে করেছে সৃজন * একনাম এক জাত এক নিরাকার ॥ ঘিরেছে একের রূপে এতিন সংসার * সে ছুরাতে ঘিরে আছে তামাম জাহান ॥ মেওয়াতে লজ্জত থাকে না মেলে নিসান * ফুলেতে সুবাস থাকে ঘিরে যেহি মতে ॥ বীজের ভিতরে গাছ থাকে যে ছুরাতে * পাথরেতে থাকে জেয়ছা আতশ রওশনি ॥ দুধ মাঝে যে ছুরাতে থাকে

ঘৃত ননি * সেরূপরঙ্গেরবেশে আছে ছাপাইয়া* হয়েছে মোহিত রূপ রওসন করিয়া * একেলা সামাল দেয় তামাম সংসার সকল বাদসার বাদসা ছানি নাহি তার * জামাদি নাবাতি আর হাঁয়ওয়ান এনছান ॥ আব আতশ খাক বাদ আর পালে জান * করেছে আবাদ দেশ কি খুবছুরাতে ॥ খেলিতেছে কেন এয়ছা না পারি বুঝিতে* কিছু নাহি হয় বিনা হুকুমে তাহার হায়াত মোউত রাত দিন কারবার * হুকুমে কায়েম রাখে তামাম জাহান * দৌড়ায় আশক ঘোড়া এস্কের ময়দান * হুকুমেতে জলেবাতি চেরাগ রওসনী * হুকুমেতে ঝড়ে পাত বরষার পানি * জেন এন্ছো আদি আর আফতাব মাহতাব ॥ হুকুমে আছমান ঘোরে জমিন গেরদাব * হুকুমেতে রাতদিন আসে আর যায় ॥ হুকুমে গড়িয়া তন হুকুমে চালায়* হুকুমেতে পাছ আর হুকুমে আনফাছ ॥ হুকুমে ইনছানি রূহ আদমেতে খাছ * না হয় হুকুম যদি হাওয়া নাহি চলে ॥ না হেলে গাছের পাত তকদির নাটলে * বেনিসান বেমিছাল বেনজির পাক জানিয়া শুনিয়া দেখে হয়েছি অবাক * না পারি বুঝিতে সান-কুদরত তাহার ॥ আক্কেল অকুফ নাই কি লিখিব আর * আপনার এস্কে আপে হইয়া বেতাব ॥ করেছে কতেক খেলা নাবুঝি হেছাব * চেতন হয়েছে এস্ক নামেতে নবির ॥ মহম্মদি সান, দেখে হয়েছি অস্থির* কি খুব বলন্দ সান পাক মোহাম্মদ ॥ কি লিখিব নাত আমি নাহি দেখি হদ * বয়ান করিতে ছিল খাহেশ দেলের ॥ আপনি ছাহেব নবি ছারে জাহানের *

হুকুম করেছে আল্লা পাক কোরাণেতে ॥ সেমতে দরুদ ভেজি দেল খোসালিতে • রছুল উপরে আর রছুল আলের ॥ আর মস্তফার খাছ আহ্‌লেবয়েতের ✱ বেহদ দরূদ আর ছালাত মোদাম ॥ আইম্মা হোদার পরে দরুদ ছালাম ✱ তাহা বাদে লিখি যেয়ছা আকেল আমার ॥ পেয়েছি দৌলাত আমি কোরাণ আল্লার• দিয়াছে কোরান রব মহাম্মদ জাতে ॥ এসেছে কালাম আল্লা মোহাম্মদি হাতে • সেহি কোরাণের বুঝে হইলে কামেল ॥ দোন জাহানের বিচে জিন্দিগী হাছেল • কি খুব বলন্দসান পাক কোরাণের। কি খুব ছুরাতে এসে হয়েছে জাহের ✱ কি খুব কোরান ভেজে বান্দাকে খোদায় ॥ কি খুব রছুল দিল উম্মত সবায় • কি লিখিব আমি সেহি রছুলের নাত॥ কলম আজেজ হয় ভাবিয়া হয়রাত • শাফিয়ে উম্মত সাহান সাহা আউলিয়ার ॥ রহমতে আলম সব আম্বিয়া ছরদার ✱ দস্তগির বে কাছান্ সাহে নবুয়ত ॥ সাহান সাহে বিলায়ত সাহা ইমামত • দেখিয়া শুনিয়া শান বুঝিয়া হয়রান ॥ গিয়াছে দিমাগ ঘুরে হয়েছি নাদান • এত ক্ষণ হোস মেরা ছিল বহালেতে ॥ লিখেছি দস্তুরমত রছুলি ছিফাতে • উঠিল আকেল মেরা দিওয়ানা হইয়া • সেরেকি বেদাতি গেল তমিজ ছুটিয়া • কি করিব হাল মেরা হইল খারাব॥ না পারি থাকিতে চুপ হয়েছি বেতাব • পেশওয়া দিওয়ানা এক কহেন ডাকিয়া ॥ হয়েছি অস্থির এহি আওয়াজ শুনিয়া •

✱ از مثنوی عطار ✱

من رانی فقد راء الحق   از چه او گفت احمد مختار
گفت انا احمد بلا میم   از زبان پاک احمد مختار

✱ از بیسرنامه عطار ✱

احمد ست اینجا احد ای مرد کار   سر حق را با تو گفتم آشکار
میم را بردار احمد شد احد   فهم کن معنی الله الصمد
هست این اسرار از جای دگر   مر این را کی شناسد کور وکر

আমি ও আমার ভাবে করি সোরসার ॥ আপনি রছুল আপে জগ্রত উদ্ধার ✱ আপনি খেলার দলে মালিক হইয়া। খেলেছে রঙ্গের খেলা বেশ বদলিয়া • করেছে কতেক নাজ কি কহিব আর ॥ দেখিতে আপনা খুবি পরেছে আকার ✱ প্রকাশ রাখিতে লীলা ভবে হামেসায় ॥ হয়েছেন নবি নিজে মনের বাঞ্ছায় • আর কি লিখিব নাত বেহুশ হালেতে ॥ নাহি জোটে যাহা জোটে না পারি লিখিতে ✱ যে ছুরাতে করা চাহি নাম রছুলের ॥ না হইল তাহা বিচে তিলেক জেকের ✱ ইহা হতে বাড়াইয়া বয়ান করিতে ॥ পারে যিনি লিখা ভাল জানে আমা হতে • আর কিছু বাত দেলে এক্ষণে জুটিল ॥ ছুটে গেছে এবারত গোপনে রহিল •

ছিফাত ছুরাতে মাশুক

অচেত অজুতে এস্ক করিতে চেতন ॥ পরেছে অমূল্য হার অজুদ জীবন • আশক মাশুক দুয়ে এরূপে মিলিয়া ॥ করিয়াছে খেলা এস্কে বেতাব হইয়া ✱ আশক অজুদে এস্ক থাকে হামেসায় ॥ মাশুকেতে জানে কিবা জানে দোছরায় ✱ ভেদের গুঞ্জিনা বটে মাশুক ছুরাত ॥ এছুরাতে মজাইল

আশকের জাত • না কহি কেবল ইহা আমি একেলায়॥ তামাম আশক বান্দা এহি বন্ধনায় • কি খুব করেছে দেখ আশকে বয়ান॥ কুস্বেইজ্ নিতে যার আলম হয়রান •

* از دیوان شمس تبریز *

میر خرابات توئی ای نگار وز تو خرابات چنین بیقرار
جملهٔ خرابات خراب تواند جملهٔ اسرار از تست آشکار

কি লিখি ছিফাত আর আমি মাশুকের॥ ভেদের ছুরাত মেরা আল্লা রছুলের • দিলাম আয়েব সোরসারেতে কহিয়া॥ বুঝিবে বেহোঁসে যারে দেয় বাতাইয়া • খোলাসা বদনাম সব লিখিতে না পারি॥ আপনি আশক এস্ক মাশুক পিয়ারি •

তারিফ মুরসিদে খোদ।

সাবাস সাবাস লাখ সাবাসী তাহায়॥ বেলেহাজি শিক্ষা যিনি দিয়াছেআমায় • দাখেল করিল যিনি জামাল শহরে॥ দেখায় ছুরাত যিনি আমার নজরে • যে জন রওসন আখি করেছে আমার॥ যাহার কদম জোরে দেখেছি আকার • আমাকে পেয়েছি আমি যার কদমেতে॥ আশকের ধন তিনি এস্ক আদেলেতে • ছাহেবে মাশুক তিনি এস্কের ভাণ্ডার॥ তারিফ লিখিতে কিবা তাকত আমার • রহমত নজরে সাহা বকশেছে আমায়॥ পাইয়াছি আমি দেখে তার অছিলায় • দস্তগীর সাহা পীর আমি কমিনার॥ নায়েবে মোস্কেলকোশা আরিফ আল্লার • কমিনা খাদেম আমি না করি খেদমত॥ আমাকে লাজেম ছিল করিতে যেমত • কেবল ভরসা পীর মেহের করিয়া॥ অধম নফরে যদি লেন তরাইয়া • তবেত নাজাত পাব এদোন

জাহানে। দৌড়াব আশক ঘোড়া এস্কের ময়দানে * আব্দুররহিম আমি আছি গোনাগার ॥ কেবল ভরসা মাওলা ছাহেবে উদ্ধার*

গজল।

আমি কহিব কারে

দেলের গোপনি কথা হৃদয়েতে রহিল রে *

অন্তঃকরণের কথা, অন্তরেতে আছে গাথা, ছাড়াইতে হয় ব্যথা, ছাড়াইতে নাহি ছাড়ে * যে না ভজে গুরু পদে, বসে আছে নিরাপদে, সে কি জানে মম হৃদে, আছে ব্যথা নিরন্তরে * পৌষি ব্যথা দেহাগারে, পাইতে সে নিরাকারে, স্থিরন্তর প্রাণেশ্বরে, নিবঞ্চিত নিজ্জনেরে * আমার বসন হরি, শোভিয়াছে নিরন্তরী, উজ্জ্বলিছে মনহরী, ত্রিপস্থের সুমন্দিরে* উদিয়াছে রবি শশী, উত্তরআকাশে আসি, গ্রহন হয়েছে বাসী, আচ্ছাদিত কৃষ্ণ ঝাড়ে * নিরক্ষিয়া রব যদি, উত্তরেতে নিরাবধি, তবে বুঝি পাব আদি, সৃষ্টিনাশ পোষেশ্বরে * আবদুররহিম বলে, যাহা আছে তব দেলে, বৃথা কেন প্রকাশিলে, কি বুঝিবে বল যারে *

পহেলা মোকাম ॥

শরিয়ত সংযোগে তরিকত ব্যাখ্যান ॥

কেতাবে হরেক রকমের কথা লিখার কারণ ॥

পয়ার ॥ হাজার শুকুর ভেজি আল্লার দরগায় ॥ দরূদ তাহার বাদে নবী মোস্তফায় ॥ আওলাদ রছুল পরে দরূদ নিহাত ॥ আহলে বয়েতেরে আর দরূদ ছালাত * আইম্মা যতেক নেক ছাহাবান আর আউলিয়া কুতব পায় ছালাম হাজার * মমিন মমিনা যত দুনিয়া তামাম সবার খেদমতে মেরা হাজার ছালাম * আরজ

তাহার বাদে দুহাত জুড়িয়া ॥ আজিজির বেশ ধরে কহি বিনাইয়া ॥ পড়িবেন যেহি জনে কেতাব আমার ॥ তাহার জোনাবে কহি হয়ে জার জার * আর শুনিবেন যিনি করিয়া গরজ ॥ তাহার খেদমতে আমি জানাই আরজ * ভাবিয়া চিন্তিয়া খুব হরেক ছুরাতে ॥ বহুত রকম কথা লিখেছি এহাতে লিখি আমি হরভাবে হইয়া হয়রাণ ॥ কেমন হয়রানি সেহি শোন মেহেরবান * মতি যে মাকুল চিজ আছে জাহানেতে ॥ তাহার ছামনে সুতা নাচিজ দেখিতে * বিনা সুতে মতি ভাল গাঁথা নাহি হয় ॥ সেকারণে সুতা পরে মতিকে গাথায় * ভালা বুরা এক সহ লাচারিতে মিলে ॥ জাহানেতে এহি কথা জানেন সকলে * উত্তম অধমে মিল হয় লাচারিতে ॥ লিখেছেন সেখ ছাদি বোস্তান বিচেতে * সেহিত নজির আমি দিলাম লিখিয়া ॥ পড়িয়া দানেশমন্দ দেখেন বুঝিয়া *

* از بوستان سعدی *

قفاگر حریر است وگر پرنیان   بناچار مشوش بود درمیان
وگر پرنیانی بایذا مکوش   گرم کارفرما ومشوم بپوش

জানেন কদর যিনি ছাদির বোস্তার ॥ বুঝিয়া করিবে মাপ তকছির বান্দার * কথার আয়েব মেরা খিয়ালে না লিয়া ॥ করিবেন খাতা মাফ অধম জানিয়া * বখশেষ পাইব বলে ধরেছি কলম ॥ আল্লা যদি চাহে বেদ হইবে খতম *

এই কেতাব যে তরিকের ফয়দার জন্য লিখা
হইয়াছে তাহার বয়ান।

আর এক আরোজ করি সবার খেদমতে ॥ না বুঝিবে পড়

মেরা এহি ছববেতে * মুরিদ হবেন যিনি শিয়া মোজহাবের ॥ আর হইবেন যিনি ছুন্নি জোমাতের * রাফিজি খারিজি আর নেচিরি. নাস্তিক ॥ আদম রুফা রুফায়দান উলবিছ্ছিফিলিক * বাউলিনজ্জমিধুলে বিমারি আরাম ॥ আমেলতী রুজুহাতি গয়রুহ তামাম * এহি সব তরিকের ফয়দার খাতিরে ॥ নাহি লিখি এ কেতাব সোন বেরাদরে * লিখেছে দিওয়ান আদি যত ফকিরেতে। হয়েছে কেতাব মেরা লিখা সেহি মতে * এনেছি নজিরে আমি যে সব কেতাব ॥ সেহিত তরিক মেরা এস্কের মোজহাব * আপনা তরিকের ফয়দার কারন ॥ লিখিলাম হাল মেরা তরিক যেমন * দেখিয়াছি হিন্দুস্থান দেখেছি পাঞ্জাব। সে দেশেতে জারি আছে এস্কের মোজহাব* বহুত কেতাব আছে সে দেশে জাহের ॥ নাহি দেখি বাঙ্গালাতে তেয়ছা এক শের * আফছোছ করিয়া দেলে ছিলাম বসিয়া ॥ নাপারি থাকিতে মনে সেদেশ উঠিয়া * নাদিল থাকিতে মনে হয়েছি বেতাব। লাচার হইয়া শুরু করেছি কেতাব * দানেশ হুজুরে মেরা শাইরি না চিজ। নাহি জানি লিখিবার কোনই তমিজ * না হয় তমিজ যেহি পয়ারে আমার ॥ বুঝিতে মুস্কিল তাহা হলে সবাকার * আমার তরিক আর আমার খান্দান ॥ মুরসির্দ আমার আর যত বোজর্গান * ইহা সবাকার কোন দোষ নাহি লিয়া ॥ মেহের নজরে মুঝে দিবে ছমৃঝাইয়া * না থাকি হায়াতে যদি মাফ করে দিবে ॥ খোদার ওয়াস্তে ইহা আলবত্তা করিবে * যত কিছু তক-ছিরাত সকলি আমার ॥ নাহক বোজরগে মেরা দোহাই আল্লার *

হজরত মহাম্মদ মস্তফা ছাল্লাল্লাহ আলায়হেচ্ছালাত অচ্ছালাম উম্মতের নাজাতের জন্য যে দুই চিজ রাখিয়া গিয়াছেন তাহার বয়ান।

নাকরি আন্দেশা মেরা খাতার কারণ। পেয়েছি পিশওয়া সার পাক পাঞ্জাতন • ধরেছি দামন আমি আল রছুলের ॥ নাছাড়িব নাছাড়িব নাছাড়িব ফের • না কহি সকল দোওয়া কবুল করিতে ॥ এহি আশা মনে জাগা পাই কদমেতে • ছাড়িয়া রছুল নবি জাহেরা দুনিয়া ॥ দোছরা জাহানে বটে গেছেন চলিয়া • এনায়েত করেছেন কিন্তু নামদার॥ যাঁহাকে রহিলে ধরে আখেরে নিস্তার • আহলে বয়েত নবি আরত কোরাণ॥ এহি দুই চিজ তাহা শুন মেহেরবান • লিখেছে হাদিছ ছহি তিরমজি বিচেতে॥ জাবের আবদুল্লা (১) রাবি কহে এহি মতে • হজের জমানে আমি বিচে আরফতের॥ রছুল জবানি এয়ছা শুনেছি জেকের • কহিলেন সবাকারে নিহাত করিয়া॥ এয়ছা চিজ তোমা বিচে দিয়াছি শুপিয়া • সেহি চিজ যদি সবে ধরিয়া থাকিবে॥ হরগেজ গোমরাহি কেহ কভু না হইবে • সেহি চিজ বটে পাক কোরাণ আল্লার॥ আর এত্‌রাত আহ্‌লে বয়েত আমার • সে হাদিছ আমি এহি দিলাম লিখিয়া॥ পড়িয়া দানেশ মন্দ দেখেন বুঝিয়া •

* حديث شريف * يهايا الناس انى تركت فيكم ما ان اخذ تم به لن تضلوا كتاب الله وعترتى اهل بيتى *

আর এক রেওয়ায়েত আছে তিরমজিতে॥ আর আছে রেওায়েত ছহি মছলেমেতে • জায়েদ আরকেম (২) রাবি সেহি

---

(১) জাবের এব্‌নে আবদুল্লা। (২) জায়েদ বেন আরকেম

হাদিছের ॥ কহিলেন নবি মুখে শুনেছি জেকের * ফরমালেন নবি এয়ছা শোন দিনদার ॥ যাইতেছি রেখে চিজ তোমার মাঝার * সেহি চিজ যদি সবে চঙ্গলে ধারিবে ॥ হরগেজ আমার বাদে রাহা না ভুলিবে * এক তাহা অন্য হতে বোজর্গ নিহাত ॥ আল্লার কিতাব আর আমার ইত্‌রাত * আল্লার কিতাব যেন রশি আছে তানা ॥ আছমান হইতে তাবে জমীন মিয়ানা * আহ্‌লে বয়েতমেরা আর ত এয়ছাই ॥ আল্লার কিতাব হতে জুদা হবে নাই * ইহাতক পৌঁছিবেক হাউজ কৌছরে ॥ না হবে ফরক রবে মেরা বরাবরে * অতএব দেখ সবে ভেবে ফিকিরেতে ॥ কিরূপে খলিফা হও দুয়ের বিচেতে * এত বলিলেন রাবি ছহি রেওয়ায়েত ॥ ছহি মজকুরাত বিচে হয়েছে ছাবেত * এ কেতাবে তাহা আমি দিলাম লিখিয়া ॥ ছাহেবে আকেলমন্দ দেখেন পড়িয়া *

حدیث شریف * انی تارک فیکم ما ان تمسکتم بہ لن تضلوا بعدی احدھما اعظم من الاخر کتاب اللہ حبل ممدود من السماء الی الارض وعترتی اھل بیتی ولن یتفرقا حتی یرد علی الحوض فانظروا کیف تخلفونی فیھما *

কোরাণ শরিফ মতে নাহিত চলিলে ॥ আর আহ্‌লে বয়েতের তাবে না রহিলে * নাহি মেলে রাহে রাস্ত নাজাত মোকাম ॥ আছল মোরাদ এহি নবীর কালাম * হাদিছের মাতুর্ব্বর দুই মজকুরাতে ॥ হয়েছে ছাবেত খুব ছহি রওয়ায়েতে * এ হাদিছ বহু লোক না করে খেয়াল ॥ কে বুঝিবে কারে আমি বুঝাব এহাল * বহুত বুজরগশান পাক কোরাণের ॥ বহুত বলন্দসান আহ্‌লে

বয়েতের • পাক আহলে বয়েতের বিনা অছিলায়। না মেলে কোরাণ ভেদ শোন সবাকায় • আহলে বয়েতের ভেদ বিনা কোরাণেতে॥ না পারিবে লিতে কেহ বুঝে আক্কেলেতে • এক চিজ যদি কেহ ছাড়েত ইহার॥ বেশক গোমরাহি হয় শোন নামদার •

আহলে বয়েত যাহাকে বলে তাহার ও হজরতের খাছ আহ্লে বয়েতের বয়ান।

কোরাণ শরিফ চেনে তামাম লোকেতে॥ আহলে বয়েত সবে না পারে চিনিতে • সকল দানেশ ইহা খোলাশা না করে॥ সে কারণে বাজে লোকে চিনিতে না পারে • ধরেছি কলম ইহা মনে বিচারিয়া॥ লিখিব আহাল নবি ইলাহি ভাবিয়া • পোষ্যকে আহলে বয়েত বলে আরবিতে॥ পোশ্যত আপনা যারা থাকে এক সাতে • পরিবার বলে আর বাঙ্গালা ভাষায়॥ বাড়ির সকল লোক পরিবার হয় • কবিলা ফরজন্দ আদি রইছ ঘরের॥ আহলে বয়েত ইঁরা সব আদমের • নবির আহাল ঠিক এছুরাত নয়॥ সে কারণে কহি আমি এত খোলাসায় • হাছেন হোছেন আলি ফাতেমা চাহার॥ এহিত আহলে বয়েত নবি মোস্তফার • কবিলা ফরজন্দ খেশি যে ছিল ছুনিয়ায়। না কহেন আহ্লি খাছ ইহা সবাকায় • লিখেছে হাদিছ এক ছহি মোছলেমেতে॥ ছাদ বেন আবু আক্কাছ রাবির রওয়ায়েতে • নামও বনাম পাক আহলে বয়েতের॥ রাবিসহ

আছে ছহি মোছলেমে জিকের * সে হাদিছ আমি এহি দিলাম লিখিয়া ॥ ছাহেবে আকেলমন্দ বুঝিবে পড়িয়া *

* حديث شريف * اللهم هؤلاء اهلى بيتى عليا وفاطمة والحسن والحسين رضى الله عنهم *

মোনাকেব বাব বিচে জামে তিরমজিতে ॥ রওয়ায়েত আছে আর ছহি মোছলেমেতে * রাবি আবু ছালেমা (১) ও আয়সা সিদ্দিকায় ॥ ডাকিয়া লিলেন নবি আলি ফাতেমায় * হাছেন হোছেন আর লিয়ে বোলাইয়া ॥ কম্বল উড়িয়া আপে ছিলেন বসিয়া * সেহি কম্বলেতে ঘিরে লিয়ে চারি জনে ॥ কহিলেন মোহাম্মদ আপনা জবানে * আহলে বয়েত মেরা এ চারি জনায় ॥ পাক কর আল্লাতালা ইহা সবাকায় * এত বলে পড়িলেন পাকের আয়েত ॥ বাইসে ছিপারা ছুরা আহজাবে ছাবেত * সেহিত আয়েত আমি দিলাম লিখিয়া ॥ পাক করে চারি জনে আয়েত ভেজিয়া *

* قوله تعالى * اِنَّمَا يُرِيْدُ اللهُ لِيُذْهِبَ عَنْكُمُ الرِّجْسَ اَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيْرًا *

এহিত নবির খাছ আহলে বয়েত ॥ কোরাণ হাদিছে খুব হয়েছে ছাবেত * আহলে বয়েত জান তন মস্তফার ॥ উম্মত কারণে দোন জাহানের সার *

রছুলের আহ্‌লে বয়েতের বুজরগির বয়ান।

আর এক হাদিছ খুব ফরমান রছুল ॥ মিস্কাত শরিফে আছে তাহার কোউল * ইমাম আহমদ হতে মিস্কাতে ওতরে ॥

(১) আবু ছালেমা বেন ওমর। রসুলের পুষ্যপুত্র।

আবুজর ছাহাবি তাহা রওয়ায়েত করে * কহিলেন নবি মুখে শুনেছি কালাম ॥ ফরমালেন রছুলুল্লা আলায়হেচ্ছালাম * তোমাদের বিচে তেয়ছা আহাল আমার ॥ নুহের. জাহাজ যেয়ছা আগে জমানার * হলেন ছওয়ার যিনি সেহি জাহাজেতে। ছিলেন নাজাত পেয়ে তুফান হইতে * সে জাহাজ যেহি জনে রহিল ছাড়িয়া ॥ তুফান পানিতে গেল হালাক হইয়া * দিলাম লিখিয়া দেখ সেহিত হাদিছ ॥ উম্মত কারণে ইহা বড়ই নফিছ * দিওয়ানে হাফেজ করে এ হাদিছ রায় ॥ হিদায়েত ভাবে তিনি আগে আপনায় * তাহাও দিলাম আমি এহিত লিখিয়া ॥ বুঝিবে দানেসে মনে ইন্‌ছাফ করিয়া *

* حدیث شریف * مثل اهل بیتی فیکم مثل سفینة نوح
من رکبها نجا و من تخلف عنها هلک *
* از دیوان حافظ *
حافظ از دهت مده صحبت آن کشتی نوح * ورنه طوفان حوادث ببرد بنیادت

সকলেতে এহি কথা না করে বিচার। আহলে বয়েত নাহি ভজে মোস্তফার * এহিত নুহের কিস্তি না চেনে সকলে ॥ আখেরে নাজাত চিন্তা নাহি ভাবে দেলে * কিরূপে চিনিবে তাহা করিত বিচার ॥ মূল কিস্তি ডুবাইল আগে জমানার * সাবেক জমানে খুব ভাসিতে না দিল ॥ নিরাপদে বাচ নাহি খেলিতে পারিল * খাছ নৌকা সব যদি রহিল ডুবিতে ॥ না রাড়িল খাছ নাম আগে জমানাতে * না পারে মশুর হতে যে চিজ যেখানে ॥ সে জাগার সব লোক চিনিবে কেমনে * দানেসে জানিয়া যদি দেয় বাতাইয়া ॥ খাছ আম সবে লিতে পারে

পাছানিয়া * ডুবাইল যত কিস্তি লিখি সে কালাম ॥ সকলি আইম্মাহোদা আলায়হেচ্ছালাম *

বার ইমামের বয়ান।

পহেলাতে মূল কিস্তি মছ্‌জিদ কুফায় ॥ সহিদ গরক করে শমশের দরিয়ায় * তাহা বাদে এক কিস্তি ভাসায়ে জহরে ॥ ডুবাইয়া দিল লিয়ে সহিদ সাগরে * আর এক কিস্তি খুব জালেমে পাইল ॥ কারবালা সাগরে তাহা ডুবাইয়া দিল * ভাসিয়া ওঠেন তক্তা জয়নাল আবদিন ॥ দেখিতে পাইয়া ফের সে তক্তার চিন * কতেক জমানা তক কয়েদ রাখিয়া ॥ সহিদ সাগর মাঝে দিল ডুবাইয়া * ওঠেন ভাসিয়া টুকরা হজরত বাকের ॥ তাহাও সহিদ নিরে ডুবাইল ফের * সেহি টুকরা হতে খণ্ড ইমাম জাফর ॥ উঠিলেন ভেসে ভব পানির উপর * দেখিয়া জালেম আর না পেরে সহিতে ॥ গরক করিয়া দিল সহিদ নদীতে * উঠিলেন ভেসে ফের মুছায় কাজেম। আছল তক্তার টুকরা চিনিল জালেম * কতেক মুদ্দত তক কয়েদ রাখিয়া ॥ সহিদের সমুদ্দূরে দিল ডুবাইয়া * উঠিলেন ভেসে ফের রিজা নামদার ॥ ডুবাইল সহিদের দরিয়া মাঝার * সেহি তক্তা হতে টুকরা উঠেন ভাসিয়া ॥ মহাম্মদ তকি লিল জালেমে চিনিয়া * দেখিয়া সে জালেমান আর না ছাড়িল ॥ সহিদ দরিয়ার মাঝে ফের ডুবাইল * ওঠেন ভাসিয়া টুকরা ফের সে তক্তার ॥ মোহাম্মদ নকি যিনি আইম্মা আসার * সেহি খণ্ড হতে সাহা ইমাম আছকরি ॥ যাহার আওলাদে মেহ্‌দি

আইম্মা আখিরি * বুঝিল জালেম কিস্তি ভাসে বুঝি ফের ॥ বান্ধিল কমর কসে সহিদ খাতের * কতেক কছেল্লা সাহা আছকরিকে দিয়া ॥ আখেরে সহিদ নীরে দিল ডুবাইয়া * শুনিয়াছি খবরেতে এয়ছাই বয়ান॥ তিনশত সাল তক যত জালেমান * আওলাদে রছুল যেহি যেখানে পাইল ॥ সহিদ দরিয়া মাঝে ডুবাইয়া দিল * একেবারে ডুবাইতে করেছিল সাধ ॥ নাহিক পারিল আল্লা রেখেছে আবাদ* ভাসিতে আছেত তক্তা ভব দরিয়ায় ॥ কিয়ামত তক এয়ছা ভাসিবে সদায় * নাজাতের কিস্তি এহি হামেশা থাকিবে ॥ আখেরেতে মূল কিস্তি ভাসিয়া উঠিবে * তাবেদার রবে যিনি আর এন্তেজার ॥ আলবত্তা করিবে কিস্তি সেজনাকে পার * পাইয়াছি তক্তা আমি সে কিস্তির চিন ॥ আওলাদে রছুল তাহা জানিবে মমিন * লাড়কার আওলাদে থাকে বংশ সবাকার ॥ ইহাও ত উলটা বটে নবি মোস্তফার * মিস্কাতে লিখিছে ছহি বোখারা হইতে ॥ হজরত আবুবকর রাবি রাওয়ায়েতে * করিলেন রওয়ায়েত এয়ছাই মাকুল ॥ হাছেন হোছেনে বেটা কহেন রছুল * সে হাদিছ লিখা আমি না দেখি দরকার ॥ ওয়াকেফ আছেন ইহা যত দিনদার * আওলাদে ফাতেমা আলি আওলাদে রছুল। আওলাদে হাছেনান ছৈয়েদ মকবুল *

রছুলের যে যে খেশির সাতে দুস্তি রাখা

ওয়াজেব তাহার বয়ান।

পহেলাতে তরিকত খান্দান আমার। আত্মীয়ের মহব্বত রাখা মোস্তফার * সে কারণে করিতেছি এতেক বয়ান। আছল

মোরাদ মেরা এহি মেহেরবান * যেজন রাখেন দুস্তি আলে রছুলের ॥ ছাহেব ছরদার তিনি মমিন দলের * করেছে হুকুম এয়ছা আপনি খোদায় ॥ রাখিবারে দোস্ত ভবে নবির কোরবায়* কোরাণ সরিফে আছে কালাম আল্লার ॥ পঁচিশে ছিপারা ছুরা শোরার মাঝার * হুকুম করেছে আল্লা হজরত নবিরে ॥ এহি কথা বলে দেহ উম্মত সবারে * হিদায়েত করি আমি রাহেতে আল্লার ॥ ইহার বদলা কিছু নাহি চাহি আর * কেবল চাহিত দোস্তি কোরবার বিচেতে ॥ এহিত বদলা মেরা লাজেম লইতে * এতেক কহিল আল্লা হাকিম কাদের ॥ আয়েতের মানে এহি হইল জাহের * এক্ষণে বয়ান করি কোরবার বাত ॥ কাহাকে কোরবা কহে জানাই নিহাত * খেশিকে কোরবা বলে আরবি জবানে ॥ খেশি যাকে বলে তাহা সব লোকে জানে * অধিক খোলাসা করা না দেখি দরকার ॥ খেশ কোরবা সবে চেনে কি কহিব আর*তফছির হোছেনি আর তফছির কবিরে ॥ লিখিছে তফছির রুহল বয়ান ভিতরে * ছাবেত হয়েছে খুব সব তফছিরেতে ॥ লিখিয়াছে রওয়ায়েত এয়ছা খোলাসাতে*সেহি খেশি রছুলের আলি ফাতেমায় ॥ হাছেন হোছেন সাহা এচারি জনায় * আয়েত মজকুরা এহি দিলাম লিখিয়া ॥ আপনা খান্দান মতে যাই প্রকাশিয়া *

* قوله تعالى * قُلْ لَّا أَسْئَلُكُمْ عَلَيْهِ أَجْرًا إِلَّا الْمَوَدَّةَ فِي الْقُرْبٰى *

ওয়াজেব রাখা দুস্তি এচারি জনার। পহেলা আমল এহি ফুকারে আমার * কোরাণে হুকুম খাছ করেছে খোদায় ॥ রাখিলেন দুস্তি তেয়ছা আউলিয়া আল্লায় * লিখেন দুস্তির শর্ত্ত

আপনা দিওয়ানে। বড় পীর যেহি জন কাদেরি খান্দানে * বোস্তানেতে লিখেছেন ছাদি নামদার ॥ মছনবিতে লিখা আছে বু-আলি সাহার * যে ভাবে রাখেন দুস্তি এসব আউলিয়া ॥ দেখেন দিলাম তাহা নির্দ্দেশ করিয়া *

* از دیوان غوث الاعظم *

زغیر آل نبی حاجتی اگر طلبم روا مدار یکی از هزار حاجاتم
دلم زحب محمد پوست وآل مجید گواه حال منسب این همه جکایاتم

* از بوستان سعدی *

خدایا بحق بنی فاطمه که بر قول ایمان کنم خاتمه
اگر دعوتم رد کنی ور قبول من و دست و دامان آل رسول

* از مثنوی شاه بوعلی قلندر *

ای خدای من بحق مصطفی واز طفیل حرمت آل عبا
روز محشر دار با آل رسول از طفیل مبتلان کردد قبول

এ মতে রাখিব দোস্তী আল মোস্তফায়। ইহাতে তকদিরে মেরা যা করে খোদায় * জাহানের লোকে যদি জানেন বুরাই ॥ তাহাতেও লজ্জা মেরা কিছু হবে নাই * না হব তাপিত আমি লোকের ঘৃণায় ॥ আলে আবা মেরা পরে থাকিলে সহায় * না দেখিয়া দুস্তি এহি ভক্তি রাখা মনে ॥ ছিফাত আর গুণ গাওয়া মিষ্টতা জবানে * দেল-জানে করা আর তরিক কবুল ॥ হুকুম মানিয়া চলা না করা ওদুল * দুঃখেতে দুঃখিত হওয়া সুখে হওয়া সুখি ॥ এহিত দুস্তির রীত জাহানেতে দেখি * দুঃখের নিসানি দুঃখ ইয়াদ কান্দন ॥ সুখের নিসানি সুখ মনেতে হাসন * চিহারা মলিন হওয়া কান্দন আকার ॥ খুশিতে নুরানি চেহরা থাকে সবাকার * এহি সব কথা খুব করিয়া খিয়াল ॥ রাখিব দেলেতে দুস্তি রবে হামেহাল *

আউলিয়ার বাদসার বুজরগির ও হজরতের খাছ আছহাবের এবং চারি ইমামের তারিফের বয়ান।

আম্বিয়ার বাদসা নবি রছুল আল্লার ॥ আউলিয়ার সাহা আলি সেরে পরওার ● সাহে নবুয়ত নবি সাহে মৌজুদাত ॥ সাহে বিলায়ত আলি সাহে ইমামত ● ফকারের বুনিয়াদ আলি মোরতুজায় ॥ ফকিরের বাদসা আলি জানেন সবায় ● বলন্দ জানেত সবে আপনা বাদসাকে ॥ রায়েতের চাল এহি মালুম সবাকে ● বাদসার সহায়ে প্রজা থাকে মুল্লুকেতে ॥ নারাজ রহিলে সাহা নাপারে থাকিতে ● থাকেত বাদসার কোপ যাহার উপরে ॥ নাপারে রহিতে তিনি সে দেশ ভিতরে ● সুখে কাটাইতে কাল মনে যার রয় ॥ রাজি রাখে সেহি জনে মনিব রাজায় ● তবেত আহ্লাদ মনে কাটে চিরকাল ॥ জাহানে দোস্তের এহি আদমের চাল ● সেরূপ করিতে বাস মারফতের গাঁয় ॥ থাকে আশা যার মনে ভজহ সাহায় ● নাপারি বুঝিতে সান মোরতুজা আলির ॥ আওয়াল আখের কিছু নাহি দেখি স্থির ● কাবা সরিফের ঘরে জন্মেন আপনি ॥ লাস লিয়া উট কোথা গেল নাহি জানি ● (১) এসব ভেদের কথা নাপারি বুঝিতে ॥ কি ছুরাতে কি লিখিব পড়েছি হয়রতে ● যাহার এলেম শিখে শমছদ্দি আউলিয়া ॥ আপনা হুকুমে দেন মুরদা জিলাইয়া ● মুরিদানের মুরিদ যার এয়ছা কাম করে ॥ নাপারেন যাহা কিছু কোন পয়গম্বরে ● সেহি মুল মুরশিদের কি

(১) বাজে রওায়েতে লিখিয়াছে যে হজরত আলীর কবর সরিফ সাহে নজফেতে গায়েব আছে।

লিখি ছিফাত॥ কলম আজেজ হয় ভাবিয়া হযরাত • যার জৌজিয়াতে আল্লা ফাতেমা জোহরায়॥ দিলেন সুপিয়া নিজে আপনা বাঞ্চায় • যার সাদি আল্লা নিজে পছন্দ করিল॥ সাদির খোতবা যার ফেরেস্তায় পড়িল• সাদির রছুম যার আছমানেতে হয়॥ খুশি করে হুর পরি আর ফেরেস্তায় • সওয়াহেদে লিখা আছে মৌলানা জামির॥ কাজা হয়ে ছিল ওক্ত আছর আলীর • নবির হায়াতে কাজা একবার হয়॥ ওফাতের পরে কাজা হয় পুনরায় • কাজা না পড়িয়া দোওয়া মাঙ্গে নামদার॥ সুরুজ ফিরিয়া এসে হইল আছার • করিলেন নামাজ তিনি আছর-আদায়॥ তাহা বাদে রবি আল্লা মগ্রেবে ডুবায় • সেরে খোদা নাম ভবে লকব হইল॥ আপনা কুদরতে আল্লা জোলফেকার দিল • হোছেন কাশেফী এয়ছা লেখেন তফছির॥ ছুরা দাহার ওতরিল সানেতে আলীর • মিস্কাতে হাদিছ কহে রছুল আল্লার॥ হেকমতের সহর আমি আলি তার দ্বার • যেজনার মওলা আমি হই জাহানেতে॥ আলিও তাহার মওলা জানিবে মনেতে • ছাহাবা ছিলেন যত নেক নামদার॥ বহুত বোজরগে সান তাঁহা সবাকার • খোদার পিয়ারা আর পিয়ারা রছুল॥ পেশওয়া মমিন সব আল্লার মকবুল • বলন্দ ছিলেন খাছ তিন ছাহাবান॥ ছিদ্দিক আউল আর ওমর ওছমান • খলিফা ছিলেন তিনে বাদে মোস্তফার॥ আনিলেন দিনে কত বেদিন কুফর • রুম শাম ফারেছাদি করিলেন ফতে॥ রৌশন হইল দিন তিনের অছিলাতে • ছিলেন উম্মত খুব নবি মোস্তফার॥ হাদিছে খবর আছে বেহেস্তে যাওয়ার • বোখারি মোছলেম আর

ছহি তিরমজিতে ॥ নিছাই দাউদ এবনে মাজায় বিচেতে • আর বাজে হাদিছের কেতাব মাঝার ॥ এসেছে তারিফ খুব তিন ছাহাবার • নবির ইয়ার খেশি দোস্তদার ছিল ॥ একিদা ইমানে দিন কবুল করিল • এ তিন ছাহাবা নিজে তারিফে আলীর ॥ করেছেন বাড়াইয়া কতেক জিকির • দাহমখ্জান কেতাবেতে করেছে তছদিক ॥ রওয়ায়েত করে এয়ছা হজরত ছিদ্দিক • পোলছারাত পার হতে সে নাহি পারিবে। গোজারার চিঠি যারে আলি নাহি দিবে • ফকির লোগের শিজ্রা এহিত আকিদ ॥ তাছাওফের চারি পীর আলির মুরিদ • রওশন করেছে দিন যে চারি ইমাম ॥ হাম্বলি মালেকী সফি হানেফী ওজ্জাম • শুনিয়াছি কেতাবেতে কি কব সোমার ॥ বহুত তারিফ আছে চারি আইম্মার • লিখিলে সকল যায় কেতাব বাড়িয়া ॥ দিলাম থোড়েক বাত ইসারা করিয়া • এ চারি ইমাম নিজে আলীর ছিফাত ॥ গিয়াছেন কত করে কে করে নিহাত • সওয়াহেদে আনে ইমাম হাম্বেল হইতে ॥ লেখেন মওলানা জামি নিজ ইবারতে • পৌছিল তারিফ যত হজরত আলির ॥ না আসে তাহার ছানি কোন ছাহাবির ॥ সরেহ্ আওয়ারেফ হতে সওয়াহেদে পায় ॥ ছরদার আরেফ বিল্লা আলি মোরতুজায় • লিখিয়াছে তাজকেরাত মাদ কেতাবেতে ॥ মিলিবেক আবে কওছার মরতুজার হাতে • দিওয়ানে হাফেজ লেখে এ ভাবেতে শের ॥ না হলে আলির দোস্ত বেশক কাফের • আর বাজে কেতাবেতে কত রকমেতে ॥ বহুত লিখেছে মওলা আলীর সানেতে • শুনেছি পাঞ্জাব দেশে নকল কালাম ॥ নছিরি নামেতে ছিল আলীর গোলাম •

বাহাত্তুর রার তারে আপনি মারিয়া ॥ দিলেন আপনি সাহা ফের জিলাইয়া * কোহে হরা আছে এক পাহাড়ের নাম ॥ সেথা আছে নছিরির খান্দান তামাম * এছলাম জানয় তায় আপনা সবাকে ॥ আল্লাগনি বলে কিন্তু মরতুজা আলীকে * সে কারণে মোজহাবের এছলাম সবায় ॥ মোশরেক বলেন ছাফ তাহা সবাকায় * শুনেছি বহুত কথা এহি নকলেতে ॥ থোড়েক দিলাম লিখে মেরা কেতাবেতে * কি আছে ইহাতে ভেদ খোদাকে মালুম ॥ নাপারি বুঝিতে আল্লা ছাহেবে উলুম * বেমিছাল তারিফ যাঁর মিছালত নাই ॥ আমি কি লিখিতে পারি আকেল থোড়াই * নাহয় মিছাল যাঁর মোরছাল আম্বিয়া ॥ তাঁহার মিছালে দিব কাহাকে আনিয়া * লিখিতে যাঁহার সান আউলিয়া হয়রান ॥ কি লিখিব আমি তাহা হইয়া নাদান * জানিয়াছি আর কত নকল শুনিয়া । লিখিতে না পারি গেল কলম থকিয়া * বেসোমার দেখি আমি তারিফ আলির ॥ হইয়াছি শক্তিহীন করিতে জিকির * অনন্ত দেখিয়া আর নাপারি লিখিতে ॥ কেবল হাদিছ লিখি লিখেছে মিস্কাতে * লিখেছেন আর সাহা হাফেজ দিওয়ান । দিলাম নজির রূপে দেখ মেহেরবান *

* حدیث شریف * انا دار الحکمة وعلی بابها
من کنت مولاه فعلی مولاه *

* از دیوان حافظ *

آنرا که دوستی علی نیست کافر است گو زاهد زمانه و گو شیخ راه باش
امروز زنده ام بولای تو یا علی فردا بروح پاک امامان گواه باش

এ সব দলিল ভাব মনে বিচারিয়া । রাহে মওলা পরে রব কাইম হইয়া * ভাল মন্দ যাহা ঘটে নছিবে আমার ॥ কদম

আওলাদ আলী না ছাড়িব আর * ধরেছি দামন খুব মজবুত করিয়া ॥ আখের আঞ্জাম তক থাকিব ধরিয়া * আওলাদে ফাতেমা আলী জান মোস্তফার ॥ কদম-হোছেন মেরা খান্দানের সার *

কোরাণ মজিদ দুই রকমের যে আছে তাহার বয়ান

* পয়ার * আওলাদে ফাতেমার ধরিয়া দামন। ভজিব সত্বের পির মুরশিদ রতন * ছবক দিবেন গুরু ফকিরি বিধান ॥ ইয়াদ করিব দেলে নাতেক কোরাণ * দুই কেছেমের আছে কোরাণ তামাম ॥ মতলক কোরাণ আর নাতেক কালাম * কাগজ কালীর হয় মতলক কোরাণ ॥ আপনা আপনি তাহা নাহয় বাখান * নাতেক কোরাণ বটে হয় জানদার ॥ আপনা আপনি হয় তিলাওত তার * মতলক কোরাণ পড়ে জাহেদ সবায় ॥ কোরাণ নাতেক পড়ে আরেফ আল্লায় * কাগজ কালীর হয় নকলি কোরাণ ॥ আসল কোরাণ বটে অজুদ ইনছান * নাকরি তাজিম যদি আদম অজুদ ॥ নাপাব কাগজ পরে কালাম মাবুদ * কাগজ উপরে কালী পারেত উঠিতে ॥ নাপারে কালাম খোদা কাগজে থাকিতে * আমিত আওলাদ খাছ আদম হাওয়ার ॥ আমার অজুদে আছে কালাম আল্লার * তিলাওত করা চাহি অজুদ কোরাণ ॥ ফকিরের সার এহি আরেফি নিশান * আদম অজুদ বটে ছুরা মহাম্মদ ॥ হাতে হাতে পাওয়া যায় আজম আয়াত * কোরাণ নাতেক এহি যেমতে ইহারে ॥ তিলাওত করা হয় আপনা অন্তরে * তাহার ছবক আছে কদমে মুরশেদ ॥ না ভজে মুরশিদ যদি নাহি পায় ভেদ * জাহেরা ওস্তাদে তাহা

পড়াতে নাপারে ॥ অন্তরি এলেম থাকে মুরশিদ নগরে✹ পড়িতে নাতেক বেদ আশা যার মনে ॥ বিনইয়া ধর সাচ্ছা মুরশিদ চরণে✹খেদমত করিয়া মন দেল কর সার ॥ ইলাহেন পাবে তবে কোরাণ পড়ার ✹ কিরাত শিখিবে তবে ধরে ইলাহেন ॥ ইয়াদ হইবে বেদ বাড়িবে জিহেন ✹ অধম রহিম বলে কদমে সাহার ॥ ইলহান শিখাও সাহা কোরাণ পড়ার ✹

গজল।

আমি কোরাণ পড়িব।

কেবল কাগজ কালী কি জন্য ভজিব ✹

রাখিলে খুলিয়া, থাকেত পড়িয়া ; না লিলে তুলিয়া, অচেতে থাকিব ✹ কাগজ কালীতে, নাপারে পড়িতে, বোবাকে কি মতে, কেমনে সেবিব ✹ আসল কোরাণ, অজুদ এনছান ; বুঝিয়া এ সান, তিলাওত করিব ✹ কালাম আল্লার, কোরাণ সবার ; সেরব কথার, সে কথা মানিব ✹ কথা হয় রব, নহে সে নিরব ; আমাতে সে সব, ইয়াদ করিব ✹ বিছমিল্লা আর, ফাতেহা বকার ; ওয়ান্নাছ আমার, মুখেতে ধরিব ✹ নাতেক কোরাণ, জবান ইনছান ; আপনা জবান, মাথায় করিব✹ আবদুর রহিম, আওয়াজে আজিম, কররে লাজিম, তবেত তরিব ✹

দুনিয়া যেরূপে পত্তন হইয়াছে তাহার বয়ান।

✹ পয়ার ✹ হুকুম করিয়া আল্লা নুন আর কাফ ॥ লিয়েছে আহাদে ছিরে মিমের গিলাফ ✹ তবেত হয়েছে পয়দা দুনিয়া জাহান ॥ এহি কালামেতে সব ভেদের নিশান ✹ সেসব ভেদের কথা নাপারি লিখিতে ॥ নিহাত অধম আমি না জোটে বুঝেতে✹

থোড়েক বয়ান করি নাকেছ আকেলে ॥ বুঝিবেন দানেসেতে বলন্দ খিয়ালে • নুর দরিয়াতে হয়ে এস্কের জোয়ার ॥ জোহুরে এসেছে নুর রূহ সবাকার • আরওয়া বলেত তাকে জোমলা কালাম ॥ সেহি চিজ খাছ বটে জাহানে তামাম• তকৃছিম হইতে রূহ চারি আছমায় ॥ কাদির হরকতে পয়দা করেছে হাওয়ায় • আতশ হাওয়ার তেজে পয়দাস ভুবনে ॥ জোহুরে এসেছে আব আতশ রওসনে•বাদের হরকতে হয়ে গরদেশ আবের ॥ তাহা হতে পয়দায়েশ হয়েছে খাকের • যেহি চিজে জোহুরাতে এনেছে যাহায় ॥ সে চিজ তাহার জান তাহাকে বাঁচায় • বিনা জানে কোন চিজ না পারে বাঁচিতে ॥ সেমতে মাটির দেহ বাঁচায় লোহুতে • বাঁচিয়া আছেন লোহু জোরেতে আগের ॥ আতশ আছেত জিন্দা ছববে বাদের • রাখিয় ছে বাদ জিন্দা জোমলা রূহেতে ॥ রূহকে রেখেছে জিন্দা আল্লার নুরেতে • এছুরাতে আল্লাতালা নজুল করিয়া ॥ আনিয়াছে জোহুরাতে তামাম দুনিয়া • করিবে ওরূজ ইহা আর কি ছুরাতে ॥ তাহাও বয়ান করি সবার খেদমতে •

দুনিয়া জাহান যে ছুরাতে উচ্ছেদ হইবে তাহার বয়ান।

• পয়ার • হয়েছে নজুল এহি অমূল্য জাহান ॥ বেসক ওরুজ ইহা হইবে নিদান• পয়দাশের চিজ ফানা হয়ত নিহাত ॥ না হয় কেবল পয়দা ফানা এক জাত • পত্তন হয়েছে যবে আছমান জমীন ॥ আলবত্তা উচ্ছেদ ইহা হবে এক দিন • করেছি বয়ান আমি পয়দাশের বাতে ॥ বিরান হইবে ইহা আর যে ছুরাতে • সে সব ভেদের কথা কহিতে কঠিন ॥ কিরূপে

জাহির করি ভাবি রাত দিন • সংক্ষেপে লিখিয়া ভাব বুঝাইয়া দিতে ॥ লিখিলাম অঙ্ক এক যোগ বিয়োগেতে • একে এক মিলে গেলে বাকি রহে নয় ॥ হাতে কিছু না রহিলে শূন্য বাকি রয় • শূন্য মানে নিরাকার জানেন সংসার ॥ আকার হইলে ফানা হয় নিরাকার • এহিরূপে মৌজুদাত কিছু না রহিবে ॥ জমা ও খরচ মিলে শূন্যকার হবে • এয়ছা ভাবে রাখিয়াছে এক্ষণে কাইম ॥ হুকুমের বন্দখানা কয়েদি হাকিম • হুকুম এয়ছাই ভাবে হয়েছে ছওয়ার ॥ হামেশা হাকিম আছে লাগাম ঘোড়ার • মাস্তুক ছওয়ার রূপে আশকে প্রকাশ ॥ বাদের সহিতে যেন বিজলির বাস • আতশ ময়দানে ঘোড়া চলিতেছে বাদ ॥ বহুত খুবির চাল কদমে নিহাদ • ছওয়ারে লাগাম যদি থাকিবে ধরিয়া ॥ না হইবে জুদা কভু রেকাব থাকিয়া • দৌড়িতে দৌড়িতে ঘোড়া হবে দেশান্তর ॥ চালাক ছওয়ার রবে পিঠে হুসিয়ার • ছাড়িয়া খাকের দেশ যাবে পলাইয়া ॥ তখনে মরিবে বাদ আরওয়া হারিয়া • আতশ বাদের বিনা মরিবে আখের ॥ বিনা আতশেতে হবে মোউত আবের • আবের নিসানি যদি যাবে শুখাইয়া ॥ থাকিবেক খাক তন খাকেতে পড়িয়া • মাটিতে মিশিয়া মাটি হয়ে একাকার ॥ পানিতে ঘুলিয়া তাহা হলে নিরাকার • গরম তেজেতে পানি বিনাশ হইয়া ॥ বাদের সহিতে দেহ যাবে মিলাইয়া • মিলিয়া যাইবে বাদ যত আছমায় ॥ তখনে হজম রূহ করিবে হাওয়ায় • আরওয়া হজম হবে আল্লার নুরেতে ॥ মিলিলে যোগের অঙ্ক শূন্য রবে হাতে • জমা ও খরচ দুই হইলে সমান। বাকি ও ফাজিল কিছু নাহয় বয়ান • সে কারণে তাহা কিছু নাপারি

লিখিতে ॥ বুঝিবে মতলব যার মুরশিদ ভজিতে * কেবল দিলাম আমি হাল শুনাইয়া ॥ পাইবে বাতুন তত্ত্ব মুরশিদ ভজিয়া * কেতাব পড়িয়া কেহ ভেদ না পাইবে ॥ না ভজিলে সত্য গুরু রাহা হারাইবে * অধম রহিম বলে কদমে বাহার ॥ ওরুজ নজুল সাহা বুঝাও আমার *

গজল।

বেহেস্ত দোজখ কথা, আমি উদ্দেশ না পাই ॥
বিনা দেহে হর্ষ আর বিষাদত নাই *

নিরাকার কৌশলেতে, আসিয়াছে আকারেতে, যাবে নিরাকারে অন্তে আর কিছু রবে নাই * খাকেতে খাক মিশাইলে, আবেতে খাক ঘুলাইলে, আতশে আব জালাইলে, বাদে আব লিবে ওড়াই * বাদ ফানা রূহে হবে, রূহু নিরাকারে হবে, সেহি নিরাকার রবে, আর কিছু রবে নাই * যত জমা ব্যয় যদি, হয় তত নিরবধি, বাকি ও ফাজিল আদি, কিছু তবে হয় নাই * আবদুর রহিম বলে, মুরশিদ কদম তলে, দেহধন লুটাইলে, নিরুদ্দেশে রবে নাই *

দোছরা মোকাম ॥

শরিয়াত সংযোগে হকিকত ব্যখ্যান ॥
কোরাণ সরিফের মরতবার বয়ান ॥

* পয়ার * আসিয়াছে বাতুনেতে মাকুল বয়ান ॥ চারি ছুরাতের যোগে কাইম জাহান * পহেলা জাহির করি খবর তাহার ॥ পাইলেন চারি বেদ চারি পয়গাম্বর * বুঝাইতে দোস্ত সবে কোরাণের সান ॥ কোশেষ করিয়া লিখি থোড়েক বয়ান * জবুর দাউদে পায় ইঞ্জিল ইছায় ॥ ওতরে তৌরাত বেদ হজরত

মুছায় * এতিন কেতাব পায় তিন পয়গাম্বর ॥ উত্তরিয়া ছিল তিন তিনের উপর * রদ করে একে একে সে তিন কেতাব ॥ হয়েছে নাজেল চৌথা নবির মোছহাফ * কি খুব নাজেল বেদ করেছে আল্লায় ॥ না হইবে রদ তাহা রবে হামেশায় * সে কেতাবে চারি ভাবে আছে বিবরণ ॥ চিনিব তাহার বলে মহাম্মদি তন • শরিয়াত তরিকত হকিকত আর ॥ চাহারমে তাহা বিচে মারফত আল্লার * পুসিদার মানে তাতে আছে ছাপাইয়া ॥ নাপায় সে ভেদ কেহ গুরু না ভজিয়া • আসিতেছে সেহি ভেদ ছিনায় ছিনায় ॥ সে জন্য ওস্তাদ মুখে কেহ নাহি পায় * না আছে তফ্ছির তার কাগজ উপরে ॥ সে তফ্ছির লিখা আছে মুরশিদ অন্তরে • যার মনে আশা থাকে সে ভেদ জানিতে ॥ করেন নিছার জান মুরশিদ খেদমতে • নাপারি কহিতে আমি সে সব কথায় ॥ জাহেরা কালাম কিছু কহি সবাকায় • শোনেন খিয়াল করে যত মেহেরবান ॥ এছুরাতে চারি রাহে কাইম জাহান *

শরিয়াত, তরিকত, হকিকত ও মারফত
যাহাকে বলে তাহার নজির বয়ান ॥

* পয়ার * শরিয়াতে মহাম্মদ জাহানের সার ॥ তরিকে আদম ছফি পুতলী আল্লার * ইবরাহিম খলিলুল্লা পির হকিকতে ॥ চাহারমে মওলা আলী আল্লার মারফতে • এ চারি কুতুব আছে আলম শহরে ॥ আবাদ করেন ভেদ জাহান নগরে • শরিয়াতে খাক আর বাদ তরিকতে ॥ হকিকতে আগ আর আব মারফতে • এহি চারি চিজ আল্লা পয়দাশ কারয়া ॥ মৌজুদাত যত কিছু দিল বানাইয়া • শরিয়াতে জিবরাইল কাসেদ

আল্লার ॥ তরিকাতে ইছরাফিল সিঙ্গা বরদার * মিকাইল ফিরেস্তা নিজে হয় হকিকতে ॥ মারফতে আজরাইল ছাহেব মৌউতে * এচারি রকমে নাম করিয়া জাহির ॥ হয়েছে ফিরেস্তা নিজে খবরে হাজির * জিবরাইল খাকি আর আবি মিকাইল ॥ আজরাইল আতসি আর বাদি ইছরাফিল * এচারি বেশেতে আছে চারি ভাগ হয়ে ॥ চারি চিজে চারি নাম দিল মিলাইয়ে * শরিয়াতে এস্ক আর রূহ তরিকতে ॥ হকিকতে নক্সা আর নুর মারফতে * এ মতে আজল হতে করিয়া আবেদ ॥ নফি নিজে হয়ে করে মোখলুকে ছাবেদ * তরিকতে আব আতশ আর খাক বাদ ॥ শরিয়াতে দেহাকার একিন ইয়াদ * হকি-কতে দিল আল্লা দম সবাকায় ॥ মারফতে জান জাতে চেতন সবায় * এ চারি কেছেমে আপে করিয়া যতন ॥ দিয়াছে আদম তনে উত্তম গঠন * শরিয়াতে কথা কওয়া সোঁগা তরিকতে ॥ হকিকতে দেখা আর শোনা মারূফতে * এচারি ছুরাতে ঘর রওসন করিয়া ॥ আপনা মোকানে আপে থাকেন বসিয়া * তরিকতে লওহো কলম কুরছি শরিয়াতে * হকিকতে আর্শ আর ফর্শ মারূফতে * এ চারি কেছেমে আছে দুনিয়া ঘিরিয়া * দেখিতেছে নিজরূপ চিহারা খুলিয়া * শরিয়াতে হয় মোকাম কাবা কাওছায়েন ॥ ছোলতান নছির দেশ তরিক আয়েন * মোকাম মাহমুদ জাগা ঠিক হকিকত ॥ মারূফতে মোশাহেদা হয় যে ছুরাত * এচারি মকামে আপে পুসিদা হইয়া ॥ দেখিতেছে আপনাকে বিরলে বসিয়া * শরিয়াতে রোজে আজল কুন তরিকতে ॥ হকিকতে মৌজুদাত নুর মারূ-ফতে * এছুরাতে নিরাকার আকারে আনিয়া ॥ জাহের

বাতনে সব ঘিরেছে আসিয়া • শরিয়াতে নাবাতাত হকিকে হায়ওান ॥ তরিকতে জামাদাত মারুফত এনছান্ • এ চারি রূহের আপে ফায়েল হইয়া ॥ জাহির করেন ফেল তামাম দুনিয়া • শরিয়াতে মাতা আর পিতা তরিকতে ॥ হকিকতে ওস্তাদ আর মুরশিদ মারুফতে • এচারি মোকামে আপে রগবত করিয়া ॥ আপনা খাহেশ নিজে লয় মিটাইয়া • শরিয়াতে মুরিদ আর তরিকে মুরশেদ ॥ হকিকতে শিক্ষা আর মারুফতে ভেদ • এ চারি মোকামে আপে বেমুরাদ হৈয়া ॥ মোকছেদ হাছেল করে কোশেষ করিয়া • এ ছুরাতে চারি রাহা করিয়া জাহির ॥ আপনার রূপে আপে আছে জাঁহাগির • দেখাইতে আপনাকে খুবি আপনার ॥ করিয়াছে নিজরূপ চারি ভাগে হার • যোগিনীর বেশে ধরে চারি রাহে যোগ ॥ জপেন আপনা নাম হইয়া বিয়োগ • তরিকত হকিকত মারুফত আর ধরিয়াছে শরিয়াতে যোগ সবাকার • নাভজিয়া গুরু পদ জাহান ঘুরিয়া ॥ নাহি পাইলেন ভেদ আম্বিয়া আউলিয়া • বুঝিতে থাকেত আসা ভজহ মুরশেদ ॥ বুঝাইয়া দিবে পির আপনার ভেদ • অধম রহিম বলে কদমে বাহার ॥ দেহ সাহা শিক্ষা চারি রাহার বিচার •

গজল ॥

প্রকাশ করেছে গুরু একথা আমায়।
শরিয়াত বিনা নাহি মারুফত হয় •

কারে বলে শরিয়াত, আর যাহা তরিকত, হকিকত মারুফত নিবেদি সবায় • যত কিছু জাহেরাত, সেহি সব শরিয়াত, সে সবার ফেলকেত তরিকত কয় • মূল চিজ

হকিকত, ইয়াদেতে অবিরত, মারূফত সে ছুরাত চিনিব যাহায় • আবদুর রহিম বলে, শরিয়াতে না চলিলে, মারূফত নাহি মেলে ওরে মন্তুরায় •

দুনিয়া, দিন ও মওলা এই তিনের মধ্যে
আসক লোকে যে চিজ তলব করে
তাহার বয়ান।

• পয়ার • জাহির করিতে ভাব আশা ছিল মনে। না দৌড়ে কলম ঘোড়া ভেদের ময়দানে • আম্বিয়া আউলিয়া আর ফাজিল বিদ্বান॥ না পারিয়া দৌড়াইতে রহেন হয়রান • নাজানি লিখিতে ভাল করিয়া খিয়াল॥ মক্‌বুল হইবে কি নাভাবি হামেহাল • গুণার দরিয়া বিচে আছিত ডুবিয়া॥ বৃথা বুঝি যায় এহি জনম চলিয়া • জোয়ারের পানী যেন জীবন যৌবন॥ নারহিলে যায় বৃথা নির্ধনীর ধন • পারি যদি প্রেম জাল রাখিতে পাতিয়া॥ যাবে পানী মাছ প্রিয়া রহিবে বান্ধিয়া • দেখিত খিয়াল করে দেলে আপনার॥ বিনা প্রেমে নাহি মেলে মাশুক দিদার • তিন রকমের আছে মাশুক জাহানে॥ করে লোকে ভাব মন মেলে যার মনে • কি কব খুবির কথা সেহি মাশুকের॥ আম্বিয়া আউলিয়া তক আশক রূপের • এস্কেতে বেভাব হয়ে আউলিয়া আম্বিয়া॥ বেলে-হাজি করেছেন সে মাশুক লিয়া • লোকে জানিবেক বলে না ছিল সরম॥ করেছেন হামেহাল মাশুকের গম • আমিত নাচিজ বান্দা মাশুক হুজুরে॥ না পাই সাহস এস্ক ভেজিতে তাহারে • নিহায়েতকম এস্ক আমার দেলেতে॥ না পাই হিম্মত তার খেলায় মজিতে • আম্বিয়া আউলিয়া তার খেলায়

মজিয়া ॥ হইলেন পেরেসান তিন জনে নিয়া * এক মাশুকের মন যোগান কঠিন ॥ নিহাত কমজোর আমি না পারিব তিন * একের সহিত মন লিব মিলাইয়া ॥ করিব এস্কের খেলা এক জন লিয়া * সে মাশুক পহেলায় দুনিয়া দৌলাত ॥ দোছরাতে ভেস্তখানা রোজ আখেরাত * তেছরাতে আল্লাতালা মওলায় করিম ॥ আয়েন ছুরাত আলী মাশুকে রহিম * এ তিন মাশুক মন আমি একেলায় ॥ জোগাইতে নাহি এত হিম্মত আমায় * ইহা বিচে এক জনে জড়িয়া ধরিব ॥ মনে মন মিলাইয়া এস্ক খেলাইব * বেবাহা আরাম মেলে তিন মাশুকেতে ॥ মিলিব কাহার প্রেমে না পেরে বুঝিতে * এবাতে বিচার মনে দিয়াছি সুপিয়া ॥ হক এন্‌ছাফ মন-কাজি দিয়াছে করিয়া * বুঝিয়া সুজিয়া মন হরেক ছুরাতে ॥ করিল এ-রায় মেরা মাশুকের বাতে * সবা হতে মজা বেশি পিরিতে যাহার ॥ তাহার সহিতে ভাল করা ব্যবহার * তাহার সহিতে চাহি করিতে পিরিত ॥ এস্কের মোজ্‌হাব বিচে এয়ছাই বিহিত * যত সুখ হতে পারে পিরিতে খোদার ॥ দুনিয়া ও দিন নহে তার বরাবর * না বাসে আসকে ভাল দিন ও দুনিয়া ॥ মওলার এস্কেতে থাকে হামেশা মজিয়া * এহি রায় করে মন খোসাল খাতির ॥ আসক আদালত হতে এনেছি নজির * লিখেছেন চিফ্‌ জজ নজির দিওয়ানে ॥ বড় পির খাছ যিনি চিস্তের খান্দানে * সে সব দলিল এহি দিলাম লিখিয়া ॥ নজিরে হাইকোর্ট জেয়ছা দেখ বিচারিয়া *

---

* از دیوان خواجه معین الدین چشتی *

غافلان در کار خویش و عاقلان در کار دوست *
عاشقان زین هر دو فارغ محو در دیدار دوست
دنیا و عقبی برفت و عشق مولی ماند و بس
سطوت نور تجلی این و آن من بسوخت
طالب دیدار را با دوزخ و جنت چه کار
هفت دوزخ غافلند و هشت بستان بی خبر
دنیا طلبد غافل عقبی طلبد عاقل
من عاشقم و بی دل جز یار نمی خواهم
ما بفکوش از بهشت و حور و غلمان فارغیم
از نعیم هر دو عالم بهر جانان فارغیم

মন—কাজী এয়ছা রায় করেছে আমার ॥ না লড়িবে আপিলেতে সে হক বিচার * মুনসেফের রায় মিল রলে নজিরেতে ॥ নাহি হয় রদ তাহা জজ আপিলেতে * লিখিলাম আমি জেয়ছা আমার তরিক ॥ বুঝিবেন যিনি এহি রাহের রফিক * এস্ক দিয়ে গুরু যদি আমাকে দেখায় ॥ রাখিব মাশুক কোলে রবে হামেশায় *

আল্লাতালাকে খাছ বান্দায় যে চিজ নজর দেয়
ও বান্দাকে আল্লায় যে চিজ খিলাত
দিয়াছে তাহার বয়ান।

* পয়ার * না রাখে হাজত যিনি দিন দুনয়ার ॥ সেহি জন হতে পারে আশক আল্লার * খাহেস না করে মাল আরাম পাইতে ॥ কেবল মওলার মিল হামেশা দেলেতে * তবেত হইতে পারে মরদ মরদানা ॥ হাছেলে কামেল হয় তালেবে রব্বানা * আমি কি এয়ছাই আর পারিব হইতে ॥ হয়েছি কয়েদী দিন দুনিয়ার হাতে * মায়া-জালে বন্ধি হয়ে আকেল আমার ॥ হইয়াছে গুম চক্ষে দেখি অন্ধকার * ঘোর অন্ধকারে

চক্ষে দেখি পেরেসান॥ না মেটে হছরত দেখে কান্দিয়া হয়রান * যাহার কারণে আমি কান্দি হামেশায়॥ না দেখি তাহারে আমি কি করিব হায় * দেখিয়া আমার হাল পির দস্তগির॥ কহিলেন কেন তুমি এতেক অস্থির * মরদ মরদানা হয়ে যখনে আসিবে॥ ছুটিবে দেলের গমি দেখাব দেখিবে * এ ছুরাতে কহি যবে করিয়া সন্ধান॥ তখনে দেখিও চক্ষে ধরিয়া নিসান * নিকুঞ্জ মন্দিরে আছে বসতি তাহার॥ চল্লিস তনের সাতে করে কারবার * সেহি ঘরে বিনা গুরু যাওয়া নাহি যায়॥ কোতওয়াল পহরি তার চারি দরজায় * আসিয়া আদ্যের নুর আলেফ ছুরাতে॥ অনাদ্যেতে লাম-রুহু আনে জোহুরাতে * মিমের আকারে তার দেহের গঠন॥ করিয়াছে নিজ খুবি অজুদ আপন * আপনার মোকানেতে বসিয়া আপনে॥ দিয়াছে ছবক খাছ মোহাম্মদি তনে * নুরের হুকুমে রুহু এসে জোহুরেতে॥ অজুদ পেয়েছে জান বাদসাই খিলাতে * না ছিল অজুদ মেরা রুহুকে হাছেল॥ দিয়াছে খিলাত আল্লা হয়েছি কামেল * সে চিজ নজর দেওয়া লাজেম আমায়॥ না দিলে বান্দায় যাহা না পায় খোদায় * সকলি দেখিতে পাই তার ভাণ্ডারেতে॥ না পারে চিনিয়া নিজে বন্দিগী করিতে * এ চিজ কারণে আপে হয়ে পেরেসান॥ ইহার খাতিরে পয়দা করেছে ইনছান * না চেনে আদমে যদি না করে জিকের॥ না হবে প্রকাশ আল্লা ছারে জাহানের॥ না পারে চিনিয়া অন্যে বন্দিগী করিতে॥ এহি চিজ আছে খাছ আদমের জাতে * এ চিজ নজর দিতে তাহার দরগায়॥ করেছেন গুরু মেরা হুকুম আমায় * কোন রাহে দিতে যাব পুছিলে

খবর ॥ কহিলেন পির মুঝে শোনহ উত্তর * বহুত মুস্কিল বাবা যাওয়া সে রাহায় ॥ মারুফতে যাবে খুলে সে রাহা তোমায় * এক্ষণে খিয়াল যদি করহ তাহার ॥ না পারিবে বুঝে লিতে হকিকত সার * হকিকত খুব তুমি লইলে বুঝিয়া ॥ আছান পাইবে রাহা মারুফতে গিয়া * এতেক ফরমান পির করিলে তামাম ॥ রেখেছি ইয়াদ আমি আইম্মা কালাম *

চারি রকমের রূহের বয়ান

* পয়ার * কি মতে আপনা মন আপনি বুঝাই ॥ বিচারিয়া তত্ত্ব ভেদ অন্ত নাহি পাই * করিব বিচার কিবা ফেলেতে আল্লার ॥ না দেখি কাজের আদি অন্ত নাহি যার * যত কিছু আল্লাতালা করেছে সৃজন ॥ দিয়াছেন সে সবাতে রূহ মহাধন * জানদারে রাখে জিন্দা জান সবাকায় ॥ কোন-রূপ কোন চিজ সেহি জান হয় * খাছ বটে সেহি জান হুকুম আল্লার ॥ নাহি তার ছায়া ছবি গঠন আকার * ফকিরি বিচারে তাহা আছে চারি মতে ॥ শুনিতে সে এক কিন্তু চারি হিসাবেতে * এক বেশে থাকে খাছ আদম শরীরে ॥ আর এক বেশে থাকে হায়ওয়ান অন্তরে * দরক্ত উদ্ভিদ দেহে থাকে এক বেশে ॥ পাথর ধাতের চিজে সেহি জান মেশে * এ চারি কেছেমে রূহু তকছিম হইয়া ॥ চারি দেশে চারি জান বেড়ায় ঘুড়িয়া * আরবি জবানে তার আছে চারি নাম ॥ খোলাসা জাহির করি সে সব কালাম * পাথর ধাতের জান রূহ জামাদাত ॥ দরক্ত আদির জান রূহ নাবাতাত * রূহ হায়-ওয়ানি যত জান হায়ওয়ানের ॥ রূহু ইনছানি নাম জান আদমের * এই চারি রূহু আছে চারি অজুদেতে ॥ চারিটি

আদত আছে চারিটি রূহেতে * এহি চারি রূহু হয়ে এক সাতে যোগ ॥ আদম অজুদ বিচে করে বাস ভোগ * আর কোন অজুদেতে যোগ মিলাইয়া ॥ না পারে থাকিতে চারি আনন্দে মহিয়া • কেবল মিলিয়া থাকে দেহে আদমের ॥ সে কারণে সবা হতে ইন্‌ছান বেহতের * যে ছুরাতে চারি রূহু আদম দেহেতে ॥ করিতেছে বাস কহি সবার খেদমতে • অজুদ মন্দির এহি রূহু জামাদাত। অজুদের রূপ নক্সা রূহু নাবাতাত * চেতন করিল দেহ রূহু হায়ওয়ানিতে ॥ আকেল হয়েছে যোগ রুহু ইনছানিতে * আব,আতস খাক বাদ রূহু জামাদাত ॥ অজুদে তাকত চিজ রূহু নাবাতাত • যাওয়া আসা করে হাওয়া হায়ওয়ানিতে জান ॥ হুস জ্ঞান চিজ যাহা রূহু সে ইনছান • এ ছুরাতে চারি রূহু আছে অজুদেতে॥ আপোসে মিলিয়া থাকে নফছের সহিতে * সবার খেদমতে করি সে কথা বয়ান ॥ শোনেন খেয়াল করে যত মেহেরবান •

চারি রকমের নফছের বয়ান।

* পয়ার * চারি মতে নফছ আছে অধিনে বান্দার ॥ রূহের সহিতে আছে মিল সবাকার • নফছ আম্মারা নাম পহেলা নফ-ছের ॥ নফছ লিওয়ামা নাম নফছ দিগরের• তেছরা নফছের নাম মতমিনা জানিবে ॥·চাহারামে মলহিমা নাম আরবি হিসাবে • চারি মত খাছিয়ত চারিটী নফছের ॥ করি আমি সেহি বাত খোলাসা জিক্রের * বদ ফেল করে যেহি অজুদে আপন ॥ সেহি ত আম্মারা নফছ শোন সর্বজন • দুনিয়ার আরামে সে করেত হুকুম ॥ আম্মারার এহি ফেল করিবে মালুম•দোছরা লিওয়ামা নাম হয়েছে তাহার ॥ বদ ফেলে বাজ রাখে থাকে হুসিয়ার •

তাম্বি করে আপনাকে খাতার সময় ॥ হিদায়েত করে নিজে আপে আপনায় • তেছরা মতমায়েন্না হয় সে নফছের নাম ॥ খারাবি বদনামি কিছু নহে তার কাম • নেক রাহে থাকে আর নেক সে কহলায় ॥ খালেকের ইয়াদেতে নজদিকেতে রয় • চাহারমে মলহিমা নাম হয়েছে তাহার ॥ দেলেতে মতলব যিনি আনে বহুতর • এক ভাবে সেহি নফছ ঠিক নাহি রয় ॥ হামেশা হরেক মতে ঘুরিয়া বেড়ায় • একসহ চারি নফছ না পারে তেজিতে ॥ এক তেজ হলে তিন থাকে অধিনেতে ॥ রূহের সহিতে নফছ হয়েছে মিলন ॥ নফছ না চেতিলে রূহু থাকে অচেতন • রূহু না রওসন হলে নফছ নহে চিজ ॥ হয়েছে দুয়েতে মিলে জোহুর তমিজ • রূহু আর নফছ দুই একতা হইয়া ॥ দেলের সহিত আছে যোগ মিলাইয়া • দেলের বয়ান থোড়া কহি ইসারায় ॥ দেখেন খিয়াল করে মোহেব সবায় •

দেলের বয়ান।

বহুত বলন্দ চিজ দেলে আদমের ॥ না পারি করিতে তাহা খোলাসা জিকের • লিখিতে দেলের ভেদ আকেল হয়রান। না চলে কলম কালী না সরে জবান • খোদার বসতি আছে দেলের মাঝার ॥ সে কারণে খুলে দিতে নাহি পারি দ্বার • জাহেরা ছুরাতে বাত লিখি ইসারায় ॥ বুঝিবে আকেলমন্দ মেরা রচনায় • হয়েছে দেলের রূপে চিহারা রওসন ॥ ছুরাত জামাল মেরা মুরশিদ আপন • রছুল দিওয়ানা রূপ মুরশিদ আমার ॥ করিলে রছুল মনে হাছেল দিদার • এস্কের তরিক মতে দিলাম লিখিয়া ॥ এবারতে লিবে বুঝে আসক

আউলিয়া•জিয়াদা খোলাসা আর না পারি করিতে ॥ বসিয়াছে দেলে নিজ ছুরাত দেখিতে •

শহরেতে চারি কুতব না থাকিলে শহর আবাদ. হয় না তাহার বয়ান

পয়দাস করিয়া আল্লাহ জাহান শহর। নিঘাবানী বার দেয় কুতব উপর • নাহয় আবাদ বস্তি বিনা কুতবেতে ॥ সেজন্য কুতব সদা থাকে হিফাজতে • কুতবে জানেত লোকে কামেল ফকির ॥ থাকেন কুতব সব শহরে হাজির • সে-মতে ফকির নাম করি যে বয়ান ॥ বুঝিবে আকেলমন্দ ছাহেবে ইমান • পহেলা ফকির আল্লা আপে নিরাকার ॥ দোছরা আদম ছফী পুতলী আল্লার • তেছরা ফকির পাক নবি মোস্তফায় ॥ চৌথা ফকির আলী পয়দাস কাবায় • এ চারি কুতব আছে জগতের সার ॥ করিতেছে খেলা লীলা আবাদ সংসার • তামাম জাহান এক শহর-ত হয় ॥ নিঘাব'নী করে চারি কুতব ইহায় • তেয়ছাই সহর এহি অজুদ ইনছান ॥ চারি কুতব অজুদের হয় নিঘাবান • আসল কুতব কথা হইল জাহের ॥ কহি ফের থোড়া বাত ভেদ অজুদের • পহেলা কুতব ছারে অজুদ পিতার ॥ দোছরা কুতব দেহ তামাম মাতার•তেছরা কুতব হয় দুয়ের খাহেশ ॥ চৌথায় কুতব দুয়ে আমোদ নিবেশ • এ চারি কুতবে দেশ নিহাত যতনে ॥ পঁহুছায় আবাদ জন্য উদর ভুবনে•পহেলা কুতব পোস্ত জানিবে পিতার ॥ দোছরা কুতব হয় উদর মাতার • তেছরা কুতব এহি দুনিয়া জাহান ॥ চৌথা কুতব বটে আখের নিদান • এ চারি কুতবে ভাল হলে নিঘাবানী ॥ সহর আবাদ খাছ অজুদ

ইনছানি * পহেলা কুতব মাতা পিতা দোছরায় ॥ তের্ছরা ওস্তাদ আর মুরশিদ চৌথায় * এ চারি কুতব যদি থাকে নিঘাবান ॥ উত্তম আবাদ হয় সহর ইনছান * ছবর পহেলা আর শুকুর ছুওমে ॥ চৌথায় আজিজি আর জিকির ছুওমে * এ চারি কুতব যদি নিঘাবান হয় ॥ না হবে বিরান দেশ অজুদ নিশ্চয় * পহেলা কুতব বটে আকেল আমার ॥ দোছরা হিম্মত মেরা খেদমত করার*তেছরাতে হিদায়েত মুরশিদের বানী। চৌথায় ছোমুজ মেরা কুতব ইনছানি * এ চারি কুতবে যদি নিঘাবানী করে ॥ হামেশা হামেশা রবে আবাদ শহরে * দেখেন দানেস মন্দ বুঝিয়া মুরাদ ॥ এ ছুরাতে আছে-তন জাহান আবাদ * রহিল গোপনে আর খাছ চারি তন ॥ লতিফ কছিফ ফানা বাকা নিরাঞ্জন * সেহি চারি তন হয়ে খোশাল হাজার ॥ ছওয়ার হইয়া নায় হাওয়াজ খামছার * হাওয়া খেয়ে ফেরে তনে সাত দরিয়াতে ॥ হামেশা আরাম করে দেল খোসালিতে * রহিল পুসিদা সব এ মোকামে ভেদ ॥ বুঝিবেন তিনি যাঁকে বাতাবে মুরশেদ * অধম রহিম বলে কদমে বাহার ॥ রাখহ আবাদ সাহা সহর আমার *

গজল ॥

দম সাগরে নোকা চালায়।
চারি কুতব সে নৌকাতে চড়ন্দার হয় ॥

সহর রক্ষিতে, মন হরষিতে, চড়িয়া নৌকাতে, সপ্ত সাগরেতে; চারি কুতব বেড়ায় * মাঝি সে নৌকার, নিজ নিরাকার, হাইল নবিবর, আলি মস্তুল তাঁর, বাদাম খয়রন্নেছায় * বাদরসা তার,

যত রশী আর, ছয়েদ আখ্‌তার, আলী ফাতেমার, যত আওলাদ সবায় • আবদুর রহিম, সে নৌকা আজিম, কররে তাজিম; যেরূপে লাজিম ; তুমি আপে আপনায় •

ইতি দোছরা মোকাম সমাপ্ত।

তেছরা মোকাম।

শরিয়াত সংযোগে মারুফত ব্যাখ্যান।

জাহেরা অজুদ ফানা হইলে পুনরায় এই রকম অজুদ যে ছুরাতে পাওয়া যাইবে তাহার বয়ান।

পয়ার • অজুদি ভেদের কথা খাছ সমাচার ॥ জাহির করিতে ছিল মতলব আমার • তাহাতে ভেদের দেখি আদি অন্ত নাই ॥ কি কথা লিখিব মেরা আকেল থোড়াই • অধম অক্ষম আমি না জানি রচনা ॥ কি ছুরাতে ভেদ লিখি সদাই ভাবনা • দেল বিচে গম মেরা এয়ছা হামেশায় ॥ ফানা হতে হবে মুঝে এহি দুনিয়ায় • গঠন হয়েছে এহি সুরূপ বরণ ॥ ফানা হয়ে যাবে আহা করিয়া কেমন• হাত পাঁও নাক কাণ চক্ষু মুখ আর ॥ গড়েছে সুন্দর রূপ সুজন কুমার • আহা কি খুবির দেহ আদমের কায় ॥ বিনাশ করিবে আল্লা কেমন নির্দ্দয় • এহিত খুবির দেহ খুব যতনেতে ॥ করিতেছি হিফাজত থাকিয়া দেহেতে • বড়ই আক্ষেপ এহি দেলেতে আমার ॥ ফানা হলে তন আল্লা দিবে কি না আর•করিয়াছি মহব্বত এ তন সহিতে ॥ এহি আশা দেলে আর না থাকি বঞ্চিতে•হামেশা হামেশা চিন্তা এহি হামেশায় ॥

হারিয়া আদম দেহ পাব কি না হায় * যে সুখ হইতে পারে আদম অজুদে ॥ নাহি হয় তাহা আর কোনই ছুরাতে * এমন অজুদ নাহি রবে হামেশায় ॥ কাহাকে বলিব শোকে কান্দি হায় হায় * পিতা মাতা ভাই ভগ্নী ফরজন্দান আর ॥ খেশ কোরবা না রহিবে বিবির পিয়ার * যখনে অজুদ ছেড়ে যাব পলাইয়া ॥ কেহ না বাসিবে ভাল দেখি বিচারিয়া * চক্ষের অন্তর দিবে করিয়া ত্বরায় ॥ না রাখিবে যতনেতে এহি দেহাকায় * রহিলে অজুদ বিচে তবেত পিয়ার ॥ অজুদ ছাড়িলে সবে বেগানা আমার * সে কারণে হয় মেরা আফছোছ দেলেতে ॥ ফানা হলে পাব তন কেমন ছুরাতে * ফের যদি ফানা অন্তে এহি তন পাই ॥ আরাম আমোদে তবে থাকিব সদাই * না পাইলে এহি তন আদম আকার ॥ কি জানি তকদিরে কিবা ঘটিবে আমার * না জেনে অদৃষ্ট আছি গমগিন হইয়া ॥ হারাইলে তন হেথা পাব কোথা গিয়া * দিবানিশী ঝরে আঁখি এহি ভাবনায় ॥ না শোনে না মানে মন না বোঝেরে হায় * মুরশিদ কদমে গিরি আখেরে যাইয়া ॥ না ছাড়ি কদম পির দিল বাতাইয়া * করেছি ইয়াদ খুব জরিপী এলেম ॥ হয়েছি আমিন পাকা মাপিতে জেছেম * কম্পাসী নজরে খুব খিয়ানে দেখিয়া ॥ জোরিপ করিয়া দেহ রাখিব টুকিয়া * হইলে দলিল চিঠা অজুদ আকার ॥ ফানা হবে বলে ভয় না রহিবে আর * চিঠা পৈঠা ঠিক থাকে যেছি জমিনের ॥ ভাঙ্গে নদী চর প'লে পাওয়া যায় ফের * রহিল মরকোজ এক পুসিদা হেথায় ॥ কহিবে মুরশিদ যিনি ভজিবে তাঁহায় *

লিখিলাম ভেদ যাহা মারফতে হাছেল ॥ বুঝিবেন খাছ যিনি আরেফ কামেল *

অজুদে দশ দরজা আছে তাহার বয়ান।

কি খুব গড়েছে আল্লা অজুদ বান্দার ॥ আঠার মোকাম ঘরে দেয় দশ দ্বার * পা'খানা পিসাব রাহা দু'চক্ষু জবান ॥ দুই নাক পয়দা করে আর দুই কান * দশমী দরজা হয় ভেদ সবাকার ॥ মোকাম মাহমুদ সাতে মিলন তাহার * সেহি মোকামের ভেদ জানিলে কামেল ॥ ভজিলে মুরশিদ হয় মোকাম হাছেল * সে ভেদ জানিতে হলে খাহেশ আমার ॥ মুরশিদ্র ভজিয়া দেহ-করিব বিচার ॥ যেমতে বিচার করে পাইব নিসান ॥ করি আমি সব বাত খোলাসা বয়ান *

খোদাতালা বান্দার অজুদে নজ্‌দিক
মোকামে আছে তাহার বয়ান।

তল্লাস করিতে গেলে মাহমুদ-নগরে ॥ দশমী দরজা সেথা দেখিব নজরে*দরজার নজদিকেতে বসিব যাইয়া ॥ দেখিব ঘরের মাঝে ধিয়ান চাহিয়া * থাকিবে মালিক এক বসিয়া ঘরেতে ॥ বহুত নজদিকে মেরা পাইব দেখিতে * এতেক নিকটে পাব দিদার তাহার ॥ শাহারগ হতে খুব নজদিকে আমার ॥ শাহারগ আছে মেরা হলকোম গরদানে ॥ তাহা হতে পাব তারে নজদিক মোকামে * না হবে ঢুড়িতে মুঝে কোন দেশে আর ॥ অজুদে বসিয়া পাব মিলন তাহার * না আনি কেবল আমি নজদিকে টানিয়া ॥ আপনি আসিয়া খোদে আছেন বসিয়া * ইহার প্রমাণে আছে আয়েত কোরাণ ॥ ছাবিসে

ছিপারা ছুরা কাফ দরমিয়ান * লেখেন নজির খুব ছাদি নামদার। মছ্‌নবিতে লিখেছেন ফরিদ আত্তার * শমছদ্দি তবরিজ আর লেখেন দিওয়ান ॥ লিখেছেন খাজে শাহা চিস্তের খান্দান * দলিল নজির সব হইল জাহের ॥ বুঝিলে এসব মেটে শোবা ছমুজের *

* قوله تعالى * وَنَحْنُ اَقْرَبُ اِلَيْهِ مِنْ حَبْلِ الْوَرِيْد

* از گلستان سعدی *

دوست نزدیک ترا زمن بمنسب وین عجب ترکه من ازوی دورم
چه کنم باکه توان گفت که او در کنار من و من مهجورم

* از مثنوی عطار *

نحن اقرب الیه آمده است دور افتـــاده تو از پندار

* از دیوان شمس تبریز *

هی خاموش کن عالم السر حاضر است نحن اقرب گفت من حبل الورید

* از دیوان خواجه معین الدین چشتی *

شراب عشق چنان بارگ وتنم امیخت * که نحن اقرب حبل الورید خواهم زد
او بصد مرتبه نزدیک تر ست از رگ جان * من بصد مرحله افسوس که ازوی دور

এ সব দলিল ভাব দেলে বিচারিয়া ॥ হইয়া খাতের জোমা লিব তল্লাসিয়া * ভজিয়া মুরশিদ পীর বিচারিলে তন ॥ শাহারগ হতে পাব নজদিকে আপন * সবা হতে সাচ্ছা আল্লা ছানি নাহি তার ॥ ফরমায় কালাম সত্য কোরাণ মাঝার * বুঝিয়া দেলেতে ছহি খোদার কালাম ॥ চলিয়া সাচ্ছাই রাহে হাটিব মোদাম * করিব যেথায় গিয়া হাছেল তাহায় ॥ খোলাসা বয়ান করি শোণ সবাকায় *

বরজোখ্‌ ভেদের বয়ান।

চলিব বহুত রাহা করিতে হাছেল ॥ হইবে মোকাম তয় মঞ্জেল মঞ্জেল * মাহ্‌মুদ মুল্লকে যবে যাইয়া পঁহুছিব ॥

ছোলতান নছির দেশে দেখিতে পাইব • বহিয়াছে দুই নদী প্রবল বেগেতে ॥ পড়িতেছে ধার ভব উপসাগরেতে • গঙ্গা ও যমুনা যেন জাহির হইয়া ॥ হিমালা পাহাড় হতে এসেছে চলিয়া • নাহয় মিছাল ইহা সে নদী সহিতে ॥ লিখিলাম তবু আমি ধরে উপমাতে•শুনিতে তাজ্জুব হাল তাহার জিকির ॥ মিলিয়া চলেছে ধার সে দুই নদীর • এক পরদা আছে কিন্তু দুয়ের মাঝেতে ॥ কি মতে মিলিয়া চলে নাপারি বুঝিতে • বাঁধ যদি থাকে দুই নদীর ভিতরে ॥ মিলিয়া চলিবে ধার কি মত প্রকারে • দ্বীপ চর বেড়া টাটী মাঝে যদি রয় ॥ তবে কি মিলিতে পারে দুই দরিয়ায় • বুঝিতে ইহার মানে দেখিত কঠিন ॥ না বুঝিলে নাহি পাই বরজোখের চিন • আছল বরজোখ আছে মাঝখানে তার ॥ যে দেশেতে দুই নদী চলে একধার • পেয়েছি ইহার গাওয়া আয়েত কোরাণ ॥ না আনিব ঘাড় ঠাঁশা বুঝিতে ইমান • সেহিত আয়েত হেথা হইল জাহের ॥ সাতাসে ছিপারা ছুরা আর রহমানের ॥

* قوله تعالى * مَرَجَ الْبَحْرَيْنِ يَلْتَقِيَانِ بَيْنَهُمَا بَرْزَخٌ لَّا يَبْغِيَانِ *

গঙ্গা ও যমুনা যাহা আছেত হিন্দেতে ॥ ইতিহাস পড়ে লোকে পারেন জানিতে•না গেলে ভারতে নাহি পায় দরশন ॥ না দেখায় যদি কেহ না চেনে কখন ॥ সেহিত মিছাল মতে বরজোখ দরিয়া ॥ না পায় দর্শন কেহ এদেশে বসিয়া • তাহাও কোরাণ পড়ে না পাব দেখিতে ॥ যে দেশেতে আছে সেথা হইবে যাইতে • দেখাবেন যিনি তাঁকে মানিব মুরশেদ। তবেত দেখিব দুই দরিয়ার ভেদ • যখনে দেখিতে নদী নজর

করিব॥ কিস্তি এক নদী পরে দেখিতে পাইব * পুছিলে কিস্তির কথা সেহি মুরশিদেরে॥ কহিবেন প্রিয়া ওহি নৌকার ভিতরে * এতেক শুনিয়া এস্ক চেতিলে আমার॥ কুদিয়া পড়িব সেহি নদীর ভিতর*সাঁতারিয়া কিস্তি পরে উঠিব যাইয়া॥ দেখিব নৌকার মধ্যে ধিয়ানে চাহিয়া * ভিতরে দেখিব এক রূপ মনহার॥ বলিতে হারিব তার ছুরাত বাহার * পাহাড় পর্ব্বত আর ময়দান জঙ্গলে॥ আরব আজম আর আকাশ পাতালে * কোন দেশে যে মাশুক কেহ নাহি পায়। সে জনাকে পাব আমি বরজোখ দরিয়ায় * কত যে হইব খুসি নাহি পারাপার॥ ইয়াদ হইবে মনে সেরূপ আমার * আহা কি খুবির রূপ ইয়াদ করিব॥ উঠিলে সেরূপ মনে আর না ভুলিব * সেহিত পরম প্রিয়া হইবে আমার॥ রূপের সাগরে ডুবে রহিব তাহার * মেরা সেহি মাশুকের ছুরাত কেমন॥ জানিতে তাহার খুবি চাহে যার মন * মুরশিদ ভজেন তিনি থাকিয়া হাজের॥ বুঝিবেন তবে মেরা কদর সুখের॥ সত্য গুরু ভজে যিনি সার করে দেল॥ আলবত্তা তাহার হয় মুরাদ হাছেল * অধম রহিম বলে কদমে বাহার॥ দেখাও বরজোখ শাহা দুই দরিয়ার *

গজল।

কেবা দেখাবে তারে॥

কোন দেশে দেখা পাব প্রিয়সিনী রূপ রে *

না দেখিয়া মনুরায়, সদায় ব্যাকুল রয়, তবে বুঝি স্থির হয়, দেখে যদি প্রিয়ারে * স্বর্গ মর্ত্ত্য ত্রিভুবনে, আছি তার অন্বেষণে॥ নাহি পাই প্রিয়াজনে, আর কোথা পাবরে॥ সাগরে

পর্ব্বতে তারে ময়দানেও বন ঝাড়ে, সহরেতে মজিদ ঘরে, মন্দিরে না পাইরে * বাকী আছে এক দেশে, তল্লাসিতে অবশেষে, যাব সেথা কোন বেশে, কিছু জানি নাই রে * বলিয়াছে দানেশেতে, শুনিয়াছি শ্রবণেতে, ছয় সীমা আছে তাঁতে, আর আষ্ট বাঁক রে * সে দেশের উত্তরেতে, পাহাড় এক ত্রিবেদিতে, দুই নদী সেথা হতে, আছে প্রবাহিত রে, বহিয়াছে সেহি নদী, সংযোগেতে নিরবধি, দুই মাঝে আছে আদি, এক অন্তরাল রে * পুষ্প বাগ কুলে তার, শোভিয়াছে মনোহার, কৃষ্ণকলি দুই ঝাড়, পূর্ব্ব পশ্চিম পারে রে * রূপসিনী নিজে আসি, উজ্জ্বলিয়া রূপশশী, একেলা আছেত বসি, দুই গাছ তলে রে * পাইতে সে প্রিয়সিনে, আছে বাঞ্ছা যদি মনে, ভজরে মন গুরুজনে, যাহ সেহি দেশে রে, আবদুর রহিম বলে, সেহি দেশে গমনিলে দেখিব বরজোখ ছলে, রূপ নিরাকার রে *

খোদাতালা মমিনের দেলে আছে তাহার বয়ান।

সাধন করিব তার বসিয়া বিরলে॥ হারিব সোভার হার ভুবন মণ্ডলে * তল্লাসিতে থাকি যদি এস্কের হৃদয়॥ তবেত মাশুক নিজে মিলিবে আমায় * তাহা বিনে নাহি প্রিয়া জাহানের সার॥ সেহিত পরম প্রিয়া প্রেমেতে আমার * কত যে বাসেন ভাল আমাকে মাশুক॥ না মিলি তাহার প্রেমে বড়ই বেকুফ * তাহা বিনা দয়াময় জাহান মাঝার॥ না দেখি তাহার ছানি সেহি বটে সার * করেছে শিঙ্গার কত মুঝে ভুলাইতে॥ নাহি দেখি আমি মেরা কোম নছিবিতে * দিয়াছে আমাকে আর কত ছরঞ্জাম॥ তব

না জবানে আনি তাহার কালাম • বড়ই নিষ্ঠুর আমি দেখি বিচারিয়া ॥ সংসার করেছে সৃষ্টি আমার লাগিয়া • আফতাব মাহতাব আর আছমান জমীন ॥ ছিতারা গর-দেশ সাল রাত আর দিন • আব আতশ থাক বাদ খোরাক পোষাক ॥ খেশ কোরবা জোরু লাড়কা দোলাত বেবাক • পশু পক্ষী জীব জন্তু যত কিছু আর ॥ করিয়াছে পয়দা মন পাইতে আমার • বাসেন এতেক ভাল যে জন আমায় ॥ তাহাকে ভুলিয়া থাকা বিচারে কি হয় • করেন আমাকে যিনি এতেক যতন ॥ তাহার পিরিতে দেরি কিসের কারন • উদ্দেশেতে যাব তার সকল ছাড়িয়া ॥ ভজিয়া মুরশিদ পির লিব পাছানিয়া • বহুত বলন্দ প্রিয়া হদ নাহি তার ॥ দেখিব ছুরবিন বলে ছুরাত তাহার • হেকমত করিয়া উলটা লইব দেখিয়া ॥ শুনেছি মমিন দেলে থাকে ছাপাইয়া • আর কোন দেশে তার জাগা নাহি হয় ॥ কেবল মমিন দেলে থাকে দয়াময় • কি খুব নজির পাক পেয়েছি ইহার ॥ হাসিয়াতে মালাবুদ মেনহু ফিকার •

حدیث قدسی • لا یسعنی سمائ ولاکن یسعنی قلب المؤمن ،

নাহি হয় জাগা তার কোন মুল্লুকেতে ॥ কেবল মমিন দেলে থাকে খোশালিতে • হইতে পারিলে আমি মমিন কামাল ॥ আঁটিবে আমার দেলে রবে হামে হাল • নজদিক মোকানে পাব দেলে আপনার ॥ নিকালিয়া দেল হতে দেখিব বাহার • তবেত চিনিতে আমি পারিব তাহায় ॥ যেরূপে চিনিব সব লিখি খোলাসায় •

গজল

মনমোহিনীর হয় না জাগা স্বর্গ মর্ত ভব দেশে ॥ কোথা গিয়ে পাব তাকে সদাই ত ভাবি বসে ❋ দলিলেতে আসিয়াছে, মানব দেলে বাসিতেছে, স্বর্গ মর্ত না আঁটিছে, কি মতে হয় হৃদয়ে সে ❋ ত্রিজগত হতে বুঝি মমিন দেল হয় দারাজি; খোদা হতে দেল বুঝি, বড় বলে খোদা বাসে ❋ আছে যদি হৃদয়েতে, পাব দেখা নিশ্চয়েতে ; মিলায়েছে আপনাতে মম রূপ নিজ বেশে ❋ শশী আর সূর্য্য তক্তে, বসে আছে আনন্দেতে, দেখা পাব নিরবেতে, বসে আছে অনায়াসে. বিনা আবদুর রহিমেতে, না পাইব মক্কা ভুতে, পাব প্রিয়া হৃদয়েতে তল্লাসিলে ঋষিবেশে ❋

খোদাতালাকে যে ছুরাতে চিনা যায় তাহার বয়ান।

পরিচয় দিতে আল্লা আদমের জাতে ॥ করিয়াছে খেল খুব বহুত ছুরাতে❋আপনাকে চিনাইতে ছাহেব আমার ॥করেছে তদবির কত দেখি বেসুমার ❋ তাহাতেও আমি যদি না চিনি তাহায় ॥ তবে কি ছাহেব ভাল বাসিবে আমায় ❋ এহি কথা দেল বিচে ভাবিয়া চিন্তিয়া ॥ চিনা আর জানা মানে দেখি বিচারিয়া ❋ কেবল শুনিয়া কানে কেহর খবর ॥ নাহি যায় চিনা তারে জাহান ভিতর ❋ শুনেছি খবর যার জাত আর নাম ॥ না পারি চিনিতে তারে দেখে তার কাম ❋ কেবল জানিতে আমি পারিত তাহায় ॥ যেমতে শুনেছি জানি সে ছুরাতে তায় ❋ যাহার খবর আমি শুনিয়াছি কানে ॥ আর যদি দেখি তারে আপনা নয়নে ❋ কোন

লোকে যদি আর ইসারা করিয়া॥ আমার চক্ষেতে তারে দেয় দেখাইয়া * তবেত চিনিতে আমি পারিব তাহায়॥ ইহা ছিওয়া চিনিবার না দেখি উপায় * কেবল শুনিলে জানা তরিকে আমার॥ দেখিলে শুনিলে চিনা আমার বিচার * যে মতে চিনিব তারে শোন সবাকায়॥ থোড়েক বয়ান আমি করি ইসারায় * খোদা আর বান্দা খাছ এ দুই কথাতে॥ তেছরায় আর কিছু না পাই দেখিতে * ইহা হতে একজনে লইলে চিনিয়া॥ চিনা হবে দুই জনে দেখি বিচারিয়া * এক স্থানে করে যদি দুজনা মোকাম॥ জানি যদি আমি সেহি দুজনার নাম * এক নামে এক জনে লইলে চিনিয়া॥ দোছরাকে নিব চিনে এতেক ভাবিয়া * এহি লোক হবে ঠিক দোছরা নামের॥ না ছিল এখানে জানি তেছরা হাজের * সেহি মতে চিনি যদি আপে আপনারে॥ চিনিতে পারিব তবে পাক পরওয়ারে * আমি কোন চিজ তাহা করিয়া সন্ধান॥ যাইব চিনার রাহে ধরিয়া নিশান * আমাকে দেখিত আমি নাম আপনার॥ নাম ছিওয়া আমি কিছু না দেখি আমার * সে মতে আপনা নাম লইব চিনিয়া॥ চিনিব আমাকে আমি অজুদ ধরিয়া * যে ছুরাতে পাব মুঝে চিনার উপায়॥ তাহার নিয়ম থোড়া লিখি খোলাসায় * যত কিছু আছে এহি অজুদে আমার॥ জুদা জুদা নাম আছে তামাম আজার * নাক কান চক্ষু মুখ পাও আর হাত॥ পেট পিট মাথা বুক লিঙ্গ জাহেরাত * মেটে তিল্লি গুরদা ফিফড়া বিছমিল্লা আঁতুড়ি॥

লোহু গোস্ত রগ হাড় মগজ উজুরি * চাম পরদা ডিল নক্সা ছুরাত গঠন ॥ আব আতশ খাক বাদ রুহু মহাধন * থুক পেশাব ময়লা মণি আঁছু ও পছিনা ॥ এস্ক আকেল দেল ইমান বগজ আর কিনা * দুঃখ সুখ জোর আদি পশম রমশ ॥ নিন্দা করা ভালবাসা গোশ্বা ও খামোশ * তার যত কিছু আছে মজুদ মন্দিরে। জুদা জুদা নাম তার বাতেন জাহিরে * আবদুর রহিম খাছ নাম যে আমার ॥ আমার অজুদে এহি নাম কোথাকার * যে জাগার এহি নাম আমার অজুদে ॥ চিনিতে পারিলে তাহা চিনিব মাবুদে * চিনিয়া আমাকে আমি আলাদা ধরিব ॥ বাকি থাকে কোন চিজ মনে বিচারিব * এনছাফী ছুরাতে মুঝে চিনিব যখন ॥ আমি ছিওয়া যাহা রবে সেহি নিরাঞ্জন * তখনে দেখিয়া খুব চিনিব তাহায় ॥ নাহি চিনি এক্ষণেতে দিদার ছিওয়ায় * দেখিলে চিনিয়া লিব আরেফ কামেল ॥ পাইব দৌলত আমি বেবাহা হাছেল * চিনিব এয়ছাই আর না ভুলিব তায় ॥ রাখিব নজরে আমি রবে হামেশায় *

পাঁচ রকম অজুদে ও পাঁচ মোকামে পাঁচ মোওয়াক্কেল থাকিবার বয়ান।

গোপনি বেগেতে প্রিয়া ছিলেন গোপন ॥ নাহি ছিল অষ্টাদশ হাজার ভুবন * আপনার সাতে আপে প্রেম বাড়াইয়া ॥ খেলেছে প্রেমের খেলা সংসার জুড়িয়া * আপনি মাশুক হয়ে পাঁচ আশকের। একেলা জোগায় মন আসক সবের * এক ঘরে থাকে তারা সেহি পাঁচ জন ॥ কেহর

সহিতে কার না হয় মিলন * এক সময় এক ওক্তে পাচের সহিতে ॥ একেলা মাশুক মেলে তাজ্জুব শুনিতে * বড়ই বেকুফ তারা না বোঝে চালাকি ॥ একলা মাশুক দেয় পাঁচ জনে ফাঁকি * জাতের সরিফ বটে সেহি পাঁচ জন ॥ এস্কের বেতাবে বোকা তকদির লিখন * চিনিবেন সবে তার লকব শুনিয়া ॥ তবু আমি নাম দেই বয়ান করিয়া * খাক আব বাদ আতশ জান পঞ্চমেতে ॥ এ পাঁচ খিতাবে আছে পাঁচের ছিফাতে * পাঁচের অধিনে আছে পাঁচ মোওয়াক্কেল ॥ কারামত জোরে রাখে বন্দনে দাখেল * পাঁচ মোওয়াক্কেল থাকে পাঁচ মুল্লুকেতে ॥ ইয়াদ করিলে হয় হাজির তুরিতে * খোলাসা তামাম কথা কহি সবাকায় ॥ বুঝিবেন ভেদ যত দানেস সবায় * পহেলা খাকের নাম আরেফল অজুদ ॥ জিবরাইল মোওয়াক্কেল আছেন মৌজুদ * নাছুত দেশেতে আছে বসতি তাহার ॥ থাকেন মোকাম করে সেথা নিরান্তর * দোছরা আবের নাম মমত নল অজুদ ॥ মিকাইল মোওয়াক্কেল মুল্লুকে সহুদ * মলকুত শহরে তিনি মোকাম করিয়া ॥ বসিয়া আছেন খুব আনন্দে মহিয়া * তেছরা বাদের নাম অহেদল অজুদ ॥ ইছরাফিল মোওয়াক্কেল মোকাম লাহুত * আপনার মোকামেতে সিঙ্গা আগুলিয়া ॥ খোসাল অন্তরে তিনি আছেন বসিয়া * মমুকানল্ অজুদ চৌথা আতশের নাম ॥ আজরাইল মোওয়াক্কেল জবরুত মোকাম * ফরমান উপরে খাছ পাক ছাহেবের ॥ কবজ করিতে জান আছেন হাজের * পঞ্চমে রূহের নাম ওয়াজেবল্অজুদ ॥ মহাম্মদ মোওয়াক্কেল জাহানে মৌজুদ * হাহুত দেশেতে আছে মোকাম তাঁহার ॥

সেহিত মোকাম সব মোকামের সার * আর এক অজুদ আছে সবাকার মুল ॥ খাছ মোওয়াক্কেল তার আল্লা ও রছুল ॥ বড়ই মুস্কিল দেখি বয়ান তাহার ॥ সেহিত বয়ান মেরা কেতাবের সার * সেহি বাতে করিয়াছে বেতাব আমায় ॥ লিখি আমি বুঝিবেন আশক আল্লায় *

অহ্‌দাতল অজুদের বয়ান

অহ্‌দাতল অজুদ নাম আছে একাকার ॥ দেখিয়া চিনিব তাকে সেহি বটে সার * জানিতে তাহার ভেদ রাখিলে ওমিদ ॥ বিচার করিব তন ভজিয়া মুরশিদ * কাছরত ছাড়িয়া দেহ খুব বিচারিব ॥ সেহি অজুদের তবে নিসান পাইব * যখনে চিনিয়া লিব সেহিত অজুদ ॥ পাইব আপনা কোলে মাশুক মৌজুদ * খেলিব রঙ্গের খেলা মাশুক সহিতে ॥ না হবে খেলায় মজা বিনা মাতালিতে * তখনে দেলেতে বাত লিয়ে ঠাহরিয়া ॥ উঠিয়া হইব খাড়া সরাব লাগিয়া * আহ্‌দিয়াত সরাব খানায় জাইয়া পঁহুছিব * ওয়াহদিয়াত সরাব চিনে খরিদ করিব ॥ অহ্‌দাত পিয়ালাতে লইব ঢালিয়া ॥ খোশালে সরাব খাব মাতাল হইয়া * বেহুস হইব যবে নিসাতে মদের ॥ না রহিবে আসা দেলে বেহেস্ত খাতের * দোজখের ডর মেরা না রবে দেলেতে ॥ খালাছ পাইব দুই জঞ্জাল হইতে * রহিবে আমার মন কেবল মাতাল ॥ নিসার সাগরে ডুবে রব হামেহাল * আমি আল্লা আমি আল্লা তখনে কহিব ॥ নাহি যদি কহি তবে মোশরেক হইব * দিনের ফাজেল যদি শুনিয়া আমায় ॥ সে ছুরাতে বধে জেয়ছা মুনছুর সাহায় * নিসার বেহুঁসে থেকে তোবা না করিব ॥ খোসাল অন্তরে জান লুটাইয়া দিব *

খাইবেন যিনি এহি সরাব মজার ॥ বুঝিবে কদর বটে মাতালী আমার • গিয়েছেন করে যাঁরা এ সরাব পান ॥ করেছে কদর দান হইয়া বয়ান • তাহা বিচে এক জনা চিস্তি নামদার ॥ লিখেছেন দিওয়ানেতে করিয়া বিচার • দিওয়ানেতে লিখে-ছেন কাদের জিলানি॥ লিখেছেন কেতাবেতে আত্তার আপনি ॥ আর লিখেছেন সমছ্ তবরিজ দিওয়ান ॥ দিওয়ানে হাফেজ সাহা করেন বয়ান • বুঝিয়া কদর এহি সব মাতালেতে ॥ লিখেছেন খুব নিজ নিজ কেতাবেতে • এ সব কেতাব হতে থোড়েক মিছাল ॥ দিলাম লিখিয়া হেথা বুঝিবারে হাল • কি করিব লিখিলাম আজেজ হইয়া ॥ না পারি রহিতে চুপ সরাব খাইয়া •

* از دیوان خواجه معین الدین چیشتی *

هرکرا در بزم قربت بادهٔ وحدت دهند
دست در حبل انا لحق میزند بر دار دوست
زاهدم می کرد منع سجده درپیش بتان
روی یارم دید و از شرمش به اُفتاد سر
مرا ازیک دوجام می چنان حالی بدست آمد
که صد سالک نخواهد یافت د رطی مقاماتش
مرا بمیکده ورو بخاک دیرنهم * کنون که غسل طریقت باب می کردم
نمی دانم من ای ساقی که چون نوشم می باقی
زبوی می چنا مستم که سر ازپا نمی دانم
ازهفت دوزخ بر شدم درهشت جنت در شدم
ازسوزدل آهی زدم هم این وهم آن سوختم
از خون دل عاشق می نوش بجای می
در مذهب عشق آمد آین باده حلال تو

* از دیوآن غوث الاعظم *

از سجود بت مرا کافر مگو دیوانه ام

سجده میکردم ندانستم که کعبه ست یا کنشت
غم بخوری که بی شراب مست و خراب گشتی
محتسبان شهر را گو که شراب جنت ست
در همه مذهب وملت می عشق است حلال
زانکه بی او نتوان دید خدارا دیدار

* ازمثنوی عطار *

در شریعت بود هرانچه حلال   در طریقت بود همه مردار
هرکه نه دید نام اوگرید   مشرک است وفضول ناهموار

* از دیوان شمس تبریز *

پرکن آن جام صفارا ساقیا باردگر
نیست اندر دین ودنیا جزتوام یاردگر
رندان خرابات بخوردند وبرفتند   ماییم که خوردیم وبجاوید نشتیم
زمسجد بازماندم ومناجات   بگردکوچهٔ میخانه گردم
ای می فروش این ده ساغربدست من بده
من ننک را شکستم وزعار توبه کردم
بخوردم ازکف دلبر شرابی   شدم معمور درصورت خرابی

* از دیوان حافظ *

دوش ازمسجد سوی میخانه آمد پیرما
چیست یاران طریقت بعد ازین تدبیرما
به آب روشن می عارفی طهارت کرد
علی الصباح که میخانه را زیارت کرد
اگر امام جماعت بخواندش امروز
خبر دهید که حافظ بمی طهارت کرد
مرخدا که عارف سالک بکس . نه گفت
در حیرتم که باده فروش ازکجا شنید
چون که اندر هردو عالم یار می باید مرا
با بهشت و دوزخ وبا حورو غلمان چه کار
گر بود عمر بمی خانه روم بار دگر
بجز از خدمت رندان نه کنم کاردگر
می دو سالهٔ و محبوب چهارده ساله

همین بس است مرا صحبت صغیر و کبیر
زاهد اگر بحور و قصور است امید وار
مارا شراب خانه قصور است و یار حور
مرا که نیست ره و رسم لقمه پرهیزی
همان به است که میخانه را اجاره کنم
ز باده خوردن پنهان ملول شد حافظ
ببانگ بط و بربط رازش اشکاره کنم
من نه آن رندم که ترک شاهد و ساغر کنم
محتسب داند که من این کارها کمتر کنم
به پیر میکده گفتم که چیست راه نجات
بخواست جام می و گفت باده نوشیدم
به پرهیز از من ای صوفی به پرهیز
که کردم توبه از پرهیزگاری

এসব নজির আমি রাখিয়া মনেতে॥ খাইব সরাব খুব দেল খোসালিতে • বিনা দামে সরাব বিকে যে সব বাজারে॥ সেথা হতে কিনে আমি খাব নিরন্তরে • যখনে মাতাল মেরা পির তরিকের॥ আমিও সরাব খাব আয়েব কিসের • বুতকে করিব ছিজদা ছির ঝুকাইয়া॥ তবেত খোসাল পির হবেন শুনিয়া • গরক হয়েছি আমি সরাব বিচেতে॥ গিয়াছে আকেল মেরা পড়িয়া নিসাতে • সারাবি সকলে খায় যায় আর চলিয়া॥ নাহি যাব রব আমি দোকানে বসিয়া • আকেল অকুফ মেরা গেছে বেরাদর॥ তক্‌দিরেতে ছিল এহি সরাব আমার • বুতকে করিব ছিজদা ছিল নছিবেতে॥ পারিবে কপাল মেরা কেবা খণ্ডাইতে • করেছি মতলব কত তৌবা করিবারে॥ সরাব হইতে তৌবা না আসে আমারে • আনিতে কোশেষ করি তৌবা জবানেতে॥ না আসে জবানে

তৌবা পড়েছি হয়রতে * এত যে খেয়েছি মদ শোন বেরাদর। তবু সে শুড়ির আমি অধম নফর * আমা হতে পিনে-ওয়ালা বহুত সেখানে॥ আমি কোন ছার হই তাঁদের ছামনে * তাঁহাদের বিচে আমি নিহাত নাচিজ॥ আমি কি সরাব জানি খাইতে তমিজ * না জানে সরাবি তারা আমি কমিনারে॥ সবা হতে হীন আমি তাঁদের ভিতরে * কয়েক মোকানে খেয়ে কি জানি কদর॥ সেহি জানে খায় যিনি সহরে সহর * মেটে নাই সাদ খুব খাইয়া থোড়াই॥ আল্লা চাহে পাই যদি জিন্দিগী ওফাই * সরাব দোকানে ফের যাইব যাইব॥ শুড়ির খেদমত করে সরাব খাইব * মছজিদে যাইতে যদি দেল মেরা চায়॥ মুরশিদে দেখিতে পাই সরাব খানায় * মছজিদ তরফে আর পাঁও নাহি চলে॥ পিরের কদমে গিরি যাইয়া খোসালে * সরাবে মাতাল হয়ে দিনদারি হতে॥ করিয়াছি তৌবা এয়ছা শোন সকলেতে * যাইতে ছিলাম আমি মছজিদের পানে॥ দেখিয়া মুরসিদ বসে সরাব দোকানে * রাহা হতে মুঝে পির লিয়ে বোলাইয়া॥ কহিলেন যাও কোথা দোকান ছাড়িয়া * না সরিল বাত ডরে আমার জবানে॥ বুঝিয়া মতলব পির গোস্বায় তখনে* কহিলেন মানা তুঝে করি বার বার॥ না যাবে মছজিদে কভু রবে হুসিয়ার * নাহি শোন বাত মেরা হইবে খারাব। বড়ই বেকুফ তুমি বড় বেহেছাব * আর কত ফজিহত আমাকে করিয়া॥ করালেন তৌবা মুঝে হাত পাকড়িয়া * শুড়ির হাতেতে হাত রাখিয়া খোসালে॥ করিয়াছি তৌবা খুব খুমারি মাতালে * এহি ছিল সর্ত্ত সেহি তৌবার ভিতরে॥ না যাব

মছজিদে রব বুতের মন্দিরে * বুতকে করিব ছিজদা ইলাহি ভাবিয়া ॥ সরাব খানায় রব হামেসা পড়িয়া * না খাব সরাব কভু বিনা মাশুকেতে ॥ মাশুক লইয়া কোলে খাব খোসালিতে * এতেক একরার মুখে দেলেতে করিয়া ॥ করিয়াছি তৌবা খুব মজবুত হইয়া * রাখিব তৌবার মতে ইমান করার ॥ তবেত হবেন পির খোসাল হাজার * না ছাড়িব যাওয়া আসা সরাব খানায় ॥ খাইব হামেশা মদ আমি হামেশায় * তৌবার সরত আমি বাহাল রাখিতে ॥ সরম করিয়া দুর দেল খোসালিতে * গিয়াছিলাম একদিন শুড়ির দোকানে ॥ দেখিয়া আমাকে শুড়ি খোসালিত মনে * কহিলেন এস এস চির মদখার ॥ আবাদ করহ এসে দোকান আমার * এতেক শুনিয়া আমি তরাতরি গিয়া ॥ করিলাম ছিজদা সেহি শুড়িকে ঝুকিয়া * কদম চুমিয়া পরে উঠাইয়া সির ॥ আদবে হলেম খাড়া হুজুরে শুড়ির * বহুত খোসাল হয়ে সরাব দোকানি ॥ মাথায় ফিরায়ে হাত কহিলেন বানী * পিলায়েছি এত দিন যে মদ তোমায় ॥ আসল সরাব তার একটাও নয় * আসল সরাব দিতে হয়ত বেদনা ॥ সেকারণে করিয়াছি এতেক বাহানা * এক্ষণে দেখিতে পাই নাহিত ছাড়িলে ॥ চির-মদখার তুমি হইয়া উঠিলে * দশ কিবা বার সাল গেল গোজারিয়া ॥ না ছাড় দোকান মেরা দেখি বিচারিয়া * আর না ভাঁড়াব তুঝে কি আর দরকার ॥ আজমাশ করেছি খুব মতলব তোমার * এক্ষনে সরাব দিব এয়ছাই তোমায় ॥ না ছুটিবে নিশা তার রবে হমেশায় * রোজ হাসর তক নিশা রহিবে তাঁহার ॥ আর

রবে সেহি নিশা বেহেস্ত মাঝার • শরাবন তহুরা তাঁর ছামনে নাচিজ॥ সেহি সরাব খেয়ে আল্লা শিখিল তমিজ • সে সরাব খেয়ে হতে পারিল মাতাল॥ ফর্শ হতে আর্শ তক দেখিবে উজ্জল • সাত দোজখের তাপ হইবে হারাম॥ ওয়াজেব হবে আষ্ট বেহেস্ত তামাম • আহা কি খুবির সেহি সরাব আমার॥ নাহিক ছাড়িলে তুমি হয়েছি লাচার • এতেক বলিয়া শুঁড়ি আন্দরেতে লিয়া॥ পাঁচ বোতল মদ খাসা দিলেন সুঁপিয়া • বোতল লইয়া আমি ছেরে আপনার॥ ছোজুদ করিয়া পাঁয় সে পির-মোগার • বিদায় হইয়া আসি দোকান হইতে॥ রহিলাম দেলে কিন্তু এয়ছাই ভাবিতে • না খেলে সরাব এশ্‌কে দেল্‌ না যাগায়॥ না যাগিলে এস্ক দেলে কে মাশুক পায় • চেতন থাকিলে প্রেম প্রিয়া ভাল বাসে॥ অচেতন রলে এস্ক প্রিয়া কি জিজ্ঞাসে• মিলাইতে তার প্রেমে প্রেম আপনার॥ রাখি যদি আশা দেল হব হুসিয়ার • এ পাঁচ বোতল আমি গিলাসে ঢালিয়া॥ করিব সরাব পান এস্ক চিতাইয়া • তবেত বাসিবে ভাল মাশুক আমায়॥ উতরিতে পারি যদি প্রেম পরীক্ষায় • তখনে পণ্ডিত হব প্রেমের বিদ্যার॥ পাব তবে পাষ-রূপ রূপ আপনার • পাইয়া আপনা পায হইব খোসাল॥ নজরে রাখিব আমি নিত্য হামেহাল •

গজল

সরাব খাইয়া আমি হয়েছি মাতাল॥
লিখিলাম কেতাব ভাব নিসার খিয়াল •

বেহুস ভাবেতে কত, লিখিয়াছি নানা মত, না ধরিবে খাতা যত ছাহেবে কামাল • যে করেছে ভুল চুরি তারেত তাল্লাস

করি, সে কারনে মাথা ঘুরি, দেশান্তরী হাল * কোথা কিসে পাব তারে, এহি মনে নিরান্তরে, অহেদাত নিসাতে পড়ে আমার এহাল * আদ্য রোজ আজলেতে, এহি ছিল তকদীরেতে, কে পারিবে খণ্ডাইতে আমার কপাল * আবদুর রহীম রৈতে, যাহা ঘটে নছিবেতে, ধরিব নিশার হাতে দামন হোছেন জামাল *

নফি এছবাতের বয়ান

নফি যদি করি আমি আপনা আকার ॥ তবেত এছবাত হবে রূপ নিরাকার * নফি এছবাতের কথা খুব খোলাসায় ॥ মছনবিতে লেখে দেখ বুআলী সাহায় *

از مثنوی شاه بوعلی قلندر *

چون الف درلام میگردد نهان   خویش را گم ساز تا گردد عیان

تا توی کئی یار گردد یارتو   چون نه باشی یار باشد یارتو

এ ছুরাতে নফি রূপ করিলে আমার ॥ তবেত মাস্তুক পাব কোলে আপনার * না বুঝিবে সকলেতে এহি ইসারায় ॥ সে কারনে লিখি আর কিছু খোলাসায় * দরিয়ার বিচে যেয়ছা হাওয়া চালাইয়া ॥ পয়দা করে ঢেউ কত লহর বান্ধিয়া * এক ঢেউ পরে ফেলে ঢেউ দোছরায় ॥ তাহা হতে জলবিম্বু হোবাব জন্মায় * সেহি হাওয়া যায় যদি মৌকুফ হইয়া ॥ না থাকে হোবাব ঢেউ দেখ বিচারিয়া * তখনে কেবল আসে পানি জোহুরাতে ॥ বিনা পানি কিছু নাহি পড়ে নজরেতে * এ ছুরাতে নফি আমি করিলে আকার ॥ তবেত এছবাত পাব মাশুক আমার * নফি হব আমি কিন্তু জোহুরে

থাকিব ॥ এছবাত হইবে প্রিয়া মনেতে রাখিব * ভেদের খবর এহি পুসিদাতে ছিল ॥ জাহির হইল ভাব পুসিদা রহিল * না কহে মুরশিদ যদি ভেদ নাহি পায় ॥ .পড়িয়া ওস্তাদ কাছে জিন্দিগা কাটায় * জানিতে থাকিলে আশা ভজিয়া মুরশেদ ॥ শিখিব আপনা নফি এছবাতের ভেদ *

মোশাহেদা মোরাকেবার বয়ান ।

পয়ার * খোসাল হয়েছি খুব হয়েছি খোসাল ॥ হামেসা খোসাল আমি আছি হামেহাল * কেহর সহিতে নাহি তুলনা আমার ॥ সকলি অসার কিন্তু আমি বটী সার * আমার বন্দিগী লিতে কেহকে না পাই ॥ না জেনে খেটেছি গেল তামাম বৃথাই * আমাকে করেছে ছিজদা ফিরিস্তা সবায় ॥ আমি আর ছিজদা ফের করিব কাহায় * আমার ছোজুদ লিতে কেহ নাহি আর ॥ সবা হতে আমি বটী ছাহেব ছরদার * রূপে গুণে কেহ নহে আমার ছামনে ॥ না পারে থাকিতে প্রিয়া আমার বিহনে * প্রিয়ার ছুরাত আর ছুরাত আমার ॥ দুয়েতে জুদাই নাহি একই আকার * প্রিয়াকে পাইলে তবে মেটে সব সাদ ॥ মিটিয়াছে ছিল আর যে কিছু মোরাদ * বহুত দুরেতে আছে প্রিয়ার মোকাম ॥ দের নাহি সহি কহি সে জাগার নাম * সাত দরিয়ার পারে ব্রহ্মের দেশেতে * মাহমুদ শহর আছে তাহার বিচেতে * সেহি শহরেতে প্রিয়া সিঙ্গার করিয়া ॥ নছিরের ঘরে থাকে রাহা তাকাইয়া * সেথা হতে ডাক আসে যায় আর জাহাজে ॥ হাওয়ার জাহাজ খাক দরিয়ার মাঝে * সে ডাকে খবর মেরা দিব

পাঠাইয়া ॥ আসিবে প্রিয়ার নাম সে ডাকে চলিয়া ● পটেতে ছুরাত আমি দেখিব তাহায় ॥ দেখিবে মাশুক মন পটের আমায় ● দেখিলে তছবির মেরা বসিবে অন্তরে ॥ না পারিবে রতে প্রিয়া নজরের দুরে ● আমিত আশক রব পহেলা হইতে ॥ বুঝিয়া মতলব তারে ডাকিব ডাকেতে ● এস্কের খবর খুব দিব পাঠাইয়া ॥ না পারিয়া রতে দুরে আসিবে চলিয়া ● দরিয়ার ধারে যাব আগু বাড়াইতে ॥ আনিব মোকানে মেরা খুব হিফাজতে ● চাঁদ সূর্য্য বিছানেতে বসিবে আসিয়া ॥ দেখিব ছুরাত চক্ষে নজর করিয়া ● করিব হাছেল আমি মাশুক এয়ছাই ॥ দোন জাহানের বিচে তার ছানি নাই ● তখনে জুদাই আর না পেরে সহিতে ॥ লইব সুন্দরী কোলে গিয়া বিছানেতে ● এস্কের তাপেসে নিদ্রা না হবে তখন ॥ পোহাইব রাত দুয়ে থাকিয়া চেতন ● যখনে মজিব খুব প্রেমের খেলায় ॥ মিলাব চিহারা তার মেরা চিহারায় ● এক গলা হব দুয়ে আর এক তন ॥ এক খেলায় দুই জোনা হব এক মন ● তখনে দেখিতে যদি চাহিব আমায় ॥ অমনি পড়িবে দৃষ্টি তার চিহারায় ● দেখিব সুখের দেখা শক মিটাইয়া ॥ না থাকিবে আশা আর দিদার লাগিয়া ● পাইলে মাশুক আমি কোলেতে আমার ॥ তাহা বাদে ডোবে যদি জাহাজ হাওয়ার ● তাহাতে আমার কিছু ক্ষতি হবে নাই ॥ ঝড়ে বানে যাতে ডোবে আমি কি জোমাই ● অধম রহিম বলে কদমে বাহার ॥ দেখাও আমাকে সাহা মাশুক আমার ●

গজল

যাগরে যুবতী মন রজনী পোহায়
মদন প্রবাহে কেবা নিশিতে ঘুমায় •

প্রেমিক কামুক মনে, আছে তব নিরীক্ষণে; কেন প্রিয়া অচেতনে, যামিনী যে যায় • কমল আসনে বসি, কমলিনী অভিলাষি ; দর্শনে গৌরাঙ্গ শশী, দর্পনে দেখায় • যাও মন সুগমনে, মিলাও সে মন মনে ; যোগ হস্তে পদ্মাসনে, প্রণামোঃ তাহায় • খেল রঙ্গে প্রেম খেলা, মিলাও সে গলে গলা, বেগেতে নিশ্বাস চালা, শৃঙ্গার সমায় • আসিয়াছে প্রাণ পতি জাগ ওরে রূপসতী; হও দেখে চুম্ব বতী, নিজ চিহারায় • শোন তাহা মন দিয়া, প্রেমের সংবাদ প্রিয়া, কর্ণের কুহরে লিয়া শুনায় সদায় • অর্পনো আপনা তনে, প্রঃবশো বন্ধুর মনে, এক হও দুই জনে, প্রেমের খেলায় • অদ্য না করিলে খেলা নিভিলে যৌবন জ্বালা, না যোগিবে প্রেমে বালা, কি হবে উপায় • দুঃখিত হইয়া মনে, যার পতি বিস্মরণে অভাগিনী সেহি জনে, বিচ্ছেদ জ্বালায় • আবদুর রহিম বলে, ওরে মন নিজ্জিলে ভেদসব প্রকাশিলে গাইয়া হেথায় ॥

আশকের তাহারাতের বয়ান

পয়ার • আশকের তন পাক হয় যে ছুরাতে ॥ থোড়েক বয়ান করি সবায় খেদমতে • বিনা তাহারাতে এবাদত নাহি হয় ॥ সেজন্য পাকের কথা লিখি পহেলায় • দুই মতে পাক আছে জাহান মাঝার ॥ জাহের বাতেন দুই শোন বেরাদর • নাজাছত হতে পাক হয় জাহিরাতে ॥ বুরাই হইতে পাক হয়

বাতেনেতে * সমছদ্দি তবরিজ লেখে এহার নজির ॥ দিলাম লিখিয়া এই দেখ জাহাগির *

* از مرغ ب القلوب شمس تبریز *

بود ظاهر طهارت ازنجاست طهارت باطن آمد از خباثت

এছুরাতে পাক হতে পারি যদি আমি ॥ তবেত দানেসে কবে সাবাস মরদমি * পাক হওয়া দেখি কিন্তু বড়ই কঠিন ॥ পারি কি না পারি হতে ভাবি রাত দিন * তন হতে দশ চিজ হবে নিকালিতে ॥ তবেত পারিব দেহ পাক বানাইতে * কুফরি সেরিকি ঝুট গিবত বোহতান॥ জিনা রিয়া বদিয়তি বিদাত লাগান * এহি দশ চিজ হতে পাক হলে দেল ॥ বন্দিগী করিতে তবে হইব কাবেল *

আশকের আহকাম আরকান আদায় করার বয়ান

এস্কের মোজহাবে যাহা আরকান আহকাম ॥ সবার খেদমতে কহি খোলাসা তামাম * পহেলা আরকান পড়া কোরাণ আল্লার ॥ দোছরাতে দুস্তি রাখা নবির কোরবার * তিছরা আরকান হয় চিনা আপনাকে ॥ চৌথা আরকান মজা আল্লার আসকে * পঞ্চমে বিচার করা অজুদ ভাণ্ডার ॥ শশমেতে কার দেলে না দেওয়া আজার * সরত আমল ছয় রইল তামাম ॥ কহি আমি খোলাসায় ছিফাত আহকাম পহেলাতে ছাখাওতি দোছরা ছবর ॥ তেছরাতে আশা রাখা তকদির উপর * চৌথায় শোকর করা তার নিয়ামতে ॥ পঞ্চমে তারিফ করা মাবুদি ছেফাতে * শশমে ইমান আনা কুদরতে আল্লার ॥ হপ্তমেতে ইবাদত জিকির আজকার * আশকে

লাজেম ইহা করিতে আমল ॥ মারফত দেশ তবে মিলিবে দখল •

আসকের নামাজের বয়ান

কোরাণে ফরমায় আল্লা নামাজের বাত ॥ কাইম করিতে আসে হুকুম ছালাত • কি মতে কাইম করি না পারি বুঝিতে ॥ বুঝাইল পির থোড়া শোন সকলেতে • খোলাসা তফছির আছে ছিনাতে পিরের ॥ না পারি করিতে তাহা খোলাসা জিকের• হাছেল কালাম এহি শোন বেরাদর ॥ কাইমী নামাজ হয় হুজুরে আল্লার • দুর হতে ছিজদা তারে নাহি জানাইয়া ॥ সেবিলে হুজুরে তার শির নওয়াইয়া • তবেত নামাজ হবে কাইম আদায় ॥ ছিনার তফছিরে লিখা এহি ইসারায় • দিওার পাথর গাছ মছজিদ মন্দির ॥ থাকে যদি ছামনেতে আমি নামাজির • আকারের চিজ আর আছে যত সয় ॥ তাহা বিচে কিছু যদি ছামনেতে রয় • তাহাকে ছামনে রেখে ছোজুদ করিলে ॥ মোশরেক হব ছিনার তফছিরেতে বলে • ফেলেতে দেখায় ছিজদা করি মখলুকেরে ॥ মনে ভাবি ছিজদা করি আল্লার হুজুরে • শাক ভাত খেয়ে যেন দুগ্ধ রাখা মনে ॥ পাইব লজ্জত আমি দুগ্ধের কেমনে • দুনে মনে খির খেলে লজ্জত কি মেলে ॥ খাছ আমে এহি কথা বোঝেন সকলে • করিয়া বান্দাকে ছিজদা খোদা রাখি মনে ॥ বন্দিগীর ফল মুঝে মিলিবে কেমনে • কাজ আর মন মেরা হয় দুই ভাবে ॥ না হব মোসরেক কেন এমত হিসাবে • দেল আর ফেল করে এক বরাবরে ॥ তবেত

হইব খাড়া নামাজ খাতেরে * আকারের চিজ সব দুর করে দিব ॥ না রবে ছামনে কিছু যখনে দেখিব * কেবল ছামনে রবে পাকপরওয়ার ॥ করিব ছজুদ ঝুকে হুজুরে তাহার * গরদানের রগ হতে আছে নজদিকেতে ॥ সেবিব রাখিয়া শির সেহি মোকানেতে * নজদিকে হাজের আছে আপনি খোদায় ॥ তবে কেন উচ্চ স্বরে ডাকিব তাহায় * নজ দিকের জনে যদি ডাকি চিল্লাইয়া ॥ হাঁসিবে দানেসমন্দ আওয়াজ সুনিয়া * বেহুঁস জানিবে মুঝে যত হোশমন্দ ॥ মাতাল পাগল বলে করিবে পছন্দ * সে বড় লজ্জার কথা দানেসের দলে ॥ থাকিতে বহাল হুঁস মাতয়ালা বলে * এহি লজ্জা হতে আমি বাঁচিবার তরে ॥ করিব বন্দিগী তার নজ-দিকের ঘরে * যেখানে আছেন আল্লাপাক নিরাঞ্জনে ॥ করিব ছোজুদ সেথা খোসালিত মনে * লাহুত সাগরে গিয়া করিব মোকাম ॥ উড়াব শূন্যের নায় শূন্যের বাদাম * পাতিয়া মছাল্লা আমি শূন্যের মছজিদে ॥ নামাজে হইব খাড়া সন্নাসী বেশেতে * রুকুও কিয়াম করে কৌদে আসিব ॥ আবরুর মহরাবে তার ছোজুদ করিব * গয়রিল্লা তন হতে দিব নিকালিয়া ॥ তবেত ঝুঁকিবে ছের এলাহি ভাবিয়া * লাহুতে বানাব গিয়া মোকাম আমার ॥ হইবে হাছেল সেথা জাত নিরাকার * নজির মাকুল আছে এহিত কথায় ॥ লিখেছেন মছনবিতে বুআলী সাহায় * দিওয়ানে হাফেজ আর লিখেছে কালাম ॥ দেখেন পড়িয়া এহি যত নেকনাম *

* از مثنوی شاه بو علی قلندر *

شیخ را لاهوت باشد منزلش   شد فنا ذات بقا شد حاصلش

* از دیوان حافظ *

حافظ سجده بمحراب دوابرویش کن * که دعای زسر صدق جز آنجا نکنی

নজির দলিল এহি বুঝিয়া মনেতে ॥ পড়িব নামাজ খুব দেল হুজুরিতে * ভাল মতে সব বাত বিচার করিয়া ॥ দেল হতে উলটা বুঝ দিব নিকালিয়া * কাইম করিতে তবে পারিব নামাজ ॥ এহিত আকেল মেরা শুন পাকবাজ *

আশকের জাকাতের বয়ান ॥

জাকাত আদায় করা আল্লার ফরমান ॥ আসিয়াছে হুকুমেতে. আয়েতে কোরাণ * বুঝিয়া আপনা দেলে হুকুম আল্লার ॥ জাকাতের মাল মেরা করিব সোমার * পলখ সালের মাল সোমার করিব ॥ চল্লিশা ভাগের আমি এক ভাগ দিব * মহব্বত আছে মেরা যে মাল সহিতে ॥ সেহি চিজ দিব সব মালের জাকাতে * আমা হতে ভাল আমি না বাসি কাহায় ॥ আমার তনেতে জান পিয়ারা আমায় * জানের আছল চিজ নিশ্বাস আমার ॥ প্রশ্বাস জাকাত দিব মাল আপনার * আমার খান্দানে এহি আছল জাকাত ॥ কহিলাম ভেদ মেরা যে কিছু নিহাত *

আশকের রোজার বয়ান ॥

রোম্‌জান রোজার বাত কহি সবাকায় ॥ এস্কের তরিকে যাহা লাজেম আমায় * বাপের পোস্তের নাম চাঁদ রোমজানের ॥ রাত রোমজানের বটে উদর মায়ের * প্রভাত রোমজান হয় নাবালগ কাল ॥ বালগ হইলে সেহি দিনের মিছাল *

রোজাদার হয় মেরা নফ্ছ আপনার॥ বদফেল যত কিছু খোরাক যাহার * ইফ্তারের কাল বটে আখিরি সমায়॥ এছুরাতে হয় রোজা রমজান আদায় * নাবালগ প্রভাত পরে সাম শেষ তক॥ না খায় আম্মারা যদি আপনা খোরাক * তরেত হইবে রোজা রমজান আদায়॥ এন্তেজারে রব ফের ইদের বাঞ্ছায় * ফের তলু হবে চাঁদ শওয়াল যখনে॥ যাব চলে ইদ্গাতে হাশর ময়দানে * ফিতরা লইয়া যাব মারুফত তার॥ মিশিব আরেফ দলে হাসর মাঝার * ইমাম হইয়া সাহা আলী মরতুজায়॥ পড়াবেন ইদ খোৎবা আরেফ সবায় * নামাজ হইলে আদা ইদেল ফিতার॥ খিলাবে শিরনি মৌলা ছাকিয়ে কওছার * এছুরাতে হবে ইদ রোজ আখিরেতে॥ হর দমে হয় ইদ এহি দুনিয়াতে * এক সালে দুই ইদ হয় সকলের॥ হরদমে দুই ঈদ আশক লোকের * সমছদ্দি তবরিজ লেখে নজিরে দিওয়ান॥ দেখেন পড়িয়া ইদ যত মেহেরবান *

* از دیوان شمش الدین تبریز *

سالی دو عید کردن کار عوام باشد   مرخاصگان حق را هردم بود عید

এছুরাতে ইদ হয় আশক আল্লার॥ রহিল বাতেন ভেদ না কহিব আর *

আশকের কলেমার বয়ান।

পয়ার * কলেমা বয়ান থোড়া কহি সবাকায়॥ আশকের যত ভেদ সব কলেমায় * মারুফত হকিকত আর তরিকত॥ এতিন কলেমা রৈল গোপনে নিহাত * শরিয়াত কলেমাটী রচনা যাহার॥ তাহাকে মানিব সাক্ষী করার বিচার * না রৈলে ত্তছদিক হয়ে নথিতে দাখিল॥ নাকেছে সোমার হয় সে সব

দলিল * সে কারণে জবানবন্দি বিচার আলয়॥ লিখেছে কলেমা যিনি করাব তাহায় * জিরার ছওয়ালে এয়ছা থকাইব তারে॥ রছুলুল্লা কহ কেন নবি মোস্তফারে * রাম কৃষ্ণ গৌরাঙ্গাদি জগত মণ্ডলে॥ হয়েছে বহুত পয়দা ভবসিন্ধু কুলে* তাহা বিচে রছুলোল্লা না লেখ কাহায়॥ কেবল লিখিলে কেন নবি মোস্তফায় * এতেক শুনিয়া সাক্ষী হলফ পড়িয়া॥ তছদিক করিয়া কলমা দিবে দেখাইয়া * শুনিয়া ছিলাম যেহি কলেমার বাত॥ দেখাইয়া দিবে সাক্ষী করিয়া নিহাত * আল্লার আরস হতে লইব দেখিয়া॥ হিসাব করিয়া লিব হরফ চিনিয়া * মহাম্মদ হয় কেন রছুল আল্লার॥ জাহের করিব ভেদ সে সব কথার * যে রাহেতে পয়গম্বর হইয়া কাসেদ॥ আল্লাতালা হতে আনে আর লেয় ভেদ * সে সব ভেদের রাহা দিবে দেখাইয়া॥ দেখিব সে রাহে খাছ রছুল আম্বিয়া * আপনা নজরে দেখে এয়ছাই চিনিব॥ না রবে অচেনা খুব পাছানিয়া লিব * মানিব সাক্ষীর বাত স্বচক্ষে দেখিয়া॥ উতরিয়া যাবে সাক্ষী সত্যবান হৈয়া * মুনসেফ বিচার করে হুকুম করিবে॥ সেহিত কলেমা মুঝে পড়াইয়া দিবে * মানিয়া হুকুম খাছ বিচার কর্ত্তার॥ জপিব হামেশা আমি কলেমা আমার * চিনিয়া লইব খুব কলেমা রতন॥ জপিব খোসাল মনে মহাম্মদি তন*

আশকের হজের বয়ান।

পয়ার * করিব আকবরি হজ আরফাত ময়দানে॥ যাইব সে দেশে আমি বয়তুল্লা যেখানে * আল্লাতালা আছে যেহি ঘরের ভিতরে॥ করিব তওয়াফ আমি ঘুরিয়া সে ঘরে * আমার

দেলেতে আল্লা আছে হামেশায়॥ তওয়াফ করিব আমি আপে আপনায়* আপনার দেহ খুব তওয়াফ করিয়া॥ বেড়াইব ছয় সীমা অজুদ ঘুরিয়া * আর না দরকার হবে মোক্কায় যাইতে থাকিয়া অজুদে হজ পারিব করিতে * কোন মুল্লকেতে আর না যাব কোথায়॥ এখানে মাশুক পাব আপনা কাবায় * এহি ভাবে নজিরেতে লেখেন দিওয়ান॥ আপনা হুকুমে যিনি জিলায় ইনছান * লিখিয়া দিলাম আমি বুঝেতে আমার॥ বুঝিবে আমার বুঝে মিলন যাহার *

* از دیوان شمس تبریز *

ای قوم بحج رفته کجائید کجائید　　معشوق همین جاست بیائید بیائید

معشوق همسایهٔ تو دیوار بدیوار　　در بادیه سرگشته شما برچه هوائید

এছুরাতে হজ আমি আদায় করিয়া॥ ওতনে ছফর করে আসিব ফিরিয়া * হুঁস রাখিব দম পাছ আনফাছের॥ রাখিব উপরে আমি নিঘা কদমের * পুসিদা হইয়া রব মজলিস্ বিচেতে॥ কহিলাম আমি বুঝে লিবে আশকেতে * বসিবে তছল্লি গিয়া দেলের উপর॥ আদায় হইবে হজ অজুদ আকবর *

রোজ আখেরের হক বিচার।

পয়ার * থাকিব অজুদ ভবে খোসালিত মনে॥ পৌছিবে আসিয়া দেশে জালেম যখনে * জুলুম করিয়া দেশ লিবে ছিনাইয়া॥ যাইব মুল্লুক হতে বেদখল হৈয়া * হারাইয়া নিজ দেশ স'তে নাপারিব॥ এহাঁতক আদালতে যাইয়া পৌছিব * বসিবে হাকিম যৎ ইজলাস করিয়া॥ দাখিল করিব আরজি উকিল রাখিয়া * উঠিবে যখনে নথী মেরা মামেলার॥ উকিল হাজির থেকে করাবে বিচার * জোরিপের দেশ মেরা

পাব বিচারেতে ॥ জমীনের কালি যদি রাখি ইয়াদেতে * এস্‌তে ফছার নিজে আমি করিব দেশের ॥ থাকিবে উকিল মেরা মদদে হাজের * থকাইতে জিরা করে কেহ না পারিবে ॥ বুঝিয়া হাকিম রায় এছুরাতে দিবে * জানিলাম দাবি বটে উচিত ইহার ॥ দিলাম হুকুম আমি দখল পাওয়ার * ফয়ছালা-তয়ের হলে সে রায় দেখিয়া ॥ তবেত দখল পাব অজুদ দুনিয়া * হইবে ইনছাফ এয়ছা সেহি মামেলার ॥ না রবে আপিল তার উর্দ্ধের বিচার * না থাকিবে দেল বিচে কোন পেরেসানি ॥ কাইমী দখল পাব অজুদ ইন্‌ছানি * না হবে জালেম কেহ দোছরা সেথায় ॥ বেদখল না করিবে কেহ পুনরায় * সেহিত ইন্‌ছাফ হবে উচিত আমার ॥ থাকিব আপন স্বত্বে চির দখিল-কার * বিচার দরকার আর কভুনা হইবে ॥ অস্তের আদল সেহি অস্ত হয়ে যাবে * হইবেক ইদ্‌ রঞ্জ না থাকিবে আর ॥ রহিবে হামেশা পাক অজুদ আমার * সুবিচার গুণে পাব এতেক আরাম ॥ থাকিব এন্‌ছানি দেশে আরামে মোদাম * অধম রহিম বলে কদমে বাহার ॥ উকিল হইয়া সাহা করাও বিচার *

গজল

কিরূপে রক্ষিবে দেহ না দেখি উপায় ॥
রক্ষক সাজিয়া আছে হরিতে সদায় *

রক্ষিতেছে পশ্চিমেতে, আর পূর্ব্ব উত্তরেতে, দক্ষিনেতে প্রবেশিয়া সংহারিতে চায় * বিষম চোরার ভয়, পলাইবে বাসেন্দায়; গমন করিবে ছেড়ে দেহ দেবালয় * বণিক পসারি যাবে, দোকানীও না রহিবে; উজাড় হইবে হাট ঠাট গোলা-

লয় • না রহিবে কোতয়াল, চৌকিদার ঘাঁটিয়াল, উচ্ছেদ হইবে থানা বিচার আলয় • নাবিক চলিয়া যাবে, খেয়া নৌকা না রহিবে, বিনাস হইবে নদী ঘাট ত্রিপন্থয় • পিঞ্জিরা হইতে পাখি, পলাইবে দিয়ে ফাঁকি, আর না হইবে ধৃত জীব কোকিলায় • প্রাণপ্রিয়া গমণিবে, নিজে নাহি সম্বোধিবে প্রেমিক চেতন রলে যাবে সহকায় • অচেতন রলে সতী, পলাইবে প্রাণ পতি, অসতী করিবে এসে জোমদুত হায় • যার ঘর সেহি হরে, নিজ মাল চুরি করে, অনার্থক আজরাইলে দোষি প্রমানয় • কপাট হইবে বন্ধ, ধ্যানেতে পড়িবে ধন্দ, ধ্যানেতে রাখিব ছন্দ ধ্যান আপনায় • আবদুর রহিম গায়, পাইয়াছি আমি যায়, চেতন থাকিব যদি না হারিব তায় •

ইতি পহেলা জেল্‌দ্‌ সমাপ্ত।

তামাম শোধ